व्यापि-लीला।

ত্রমোদশ পরিচ্ছেদ।

স প্রসীদত্ চৈত্রজনেবাে যস্ত প্রসাদত:।
তন্নীলাবর্ণনে যোগ্যঃ সন্তঃ স্থাদধনােহপ্যয়ম্॥ >
জয়জয় শ্রীকৃষ্ণচৈত্রত গােরচন্দ্র।
জয়াদৈতচন্দ্র জয় জয় নিত্যানন্দ॥ >

জয় জয় গদাধর জয় শ্রীনিবাস। জয় মুকুন্দ বাস্তদেব জয় হরিদাস॥ ২ জয় দামোদরস্বরূপ জয় মুরারিগুপু। এই সব চন্দ্রোদয়ে তম কৈশ লুপু॥ ৩

শোকের সংস্তৃত টীকা।

স চৈত্যাদেব: প্রীক্ষাটেত্যাদেব: প্রসীদত্ ময়ি প্রসন্মো ভবতৃ—যশ্য প্রসাদত: অমুগ্রহাৎ অধম: অজ্ঞোহপি অয়ং মাদৃশো জন: সহাঃ তৎক্ষণাৎ ভল্লীলাবর্গনে প্রীক্ষাটেত্যাস্থ লীলাবর্গনিবিষয়ে যোগ্য: স্থাৎ। অতএব প্রীটেত্যাপ্রসাদং বিনা ভল্লীলাবর্গনৈ কোহপি সমর্থোন ভবতীতি ধ্বনিতম্। >

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

এই ত্রয়োদশ-পরিচ্ছেদে শ্রীচৈতন্তের জন্মলীলা বর্ণিত হইয়াছে।

শো। ১। অবসা। যশু (বাহার) প্রসাদত: (প্রসাদে) অয়ং (এই—মাদৃশ) অধ্য: (অজ্ঞ) অপি (ও) সম্ভঃ (তৎক্ষণাৎ) তন্ত্রীলাবর্ণনে (তাঁহার লীলাবর্ণন-বিষয়ে) যোগ্যঃ (যোগ্য) শ্রাৎ (হয়), সঃ (সেই) চৈত্রসদেবঃ (প্রাকৃষ্ণ চৈত্রসদেব) প্রসাদত্ (প্রসাদ হউন)।

অসুবাদ। বাঁহার প্রসাদে আমার ছায় অজ্ঞব্যক্তিও তাঁহার লীলাবর্ণনে যোগ্য হয়, সেই শ্রীকৃষ্ণচৈতছাদেব আমার প্রতি প্রসন্ন হউন।>

গ্রহণার কবিরাজ-গোস্বামী দৈছাবশতঃ এই শ্লোকে নিজেকে অজ্ঞ বলিয়া বর্ণনা করিয়াছেন; প্রীচৈতছোর প্রাণাদে অজ্ঞ ব্যক্তিও তাঁহার লীলাবর্ণনা করিবার যোগ্যতা লাভ করে; স্মৃতরাং, তাঁহার রূপা না হইলে পণ্ডিত ব্যক্তিও তাঁহার লীলা বর্ণনার যোগ্যতা লাভ করিতে পারে না—ইহাই ধ্বনিত হইতেছে। এই পরিছেদে হইতেই জন্মলীলা হইতে আরম্ভ করিয়া যথাক্রমে প্রীচৈতছোর লীলাবর্ণনা আরম্ভ হইবে; তাই স্ক্রপ্রথমে গ্রাহ্কার প্রীচৈতছোর রূপা ভিক্লা করিতেছেন।

- ৩। চল্রের উদয় হইলে যেমন জগতের অয়কার দূরীভূত হয়, তদ্রপ সপরিকর প্রীশ্রীরের্দর জগতে অবতীর্ণ ইইলে জগদ্বাসীর তগবদ্-বহির্গৃথতাদি অজ্ঞতা দূরীভূত হইয়াছিল।
- এই স্ব-চন্দ্রে—>-৩ প্রারোক্ত শ্রীচৈত্য় ও তদীয় পার্ষদগণরূপ চক্রগণের উদয়ে। ত্র—অন্ধকার। শ্রীচৈত্যু পক্ষে, লোকের অজ্ঞান—ভগবদ্ বিষয়ে অজ্ঞতা, ভগবদ্-বহিন্ম্পিতাদি।

জয় শ্রীচৈতগ্যচন্দ্রের ভক্তচন্দ্রগণ।
সভার প্রেমজ্যোৎসায় উল্জ্বল কৈল ত্রিভূবন ॥৪এই ত কহিল গ্রন্থারস্তে মুখবদ্ধ।
এবে কহি চৈতগুলীলার ক্রম-অনুবদ্ধ॥ ৫
প্রথমে ত সূত্ররূপে করিয়ে গণন।
পাছে তাহা বিস্তারি করিব বিবরণ॥ ৬
শ্রীকৃষ্ণচৈতগ্য নবদ্বীপে অবতরি।
অফটিল্লিশ বৎসর প্রকট বিহরি॥৭
চৌদ্দশত-সাত শকে জন্মের প্রমাণ।
চৌদ্দশত-পঞ্চায়ে হইল অন্তর্জান॥ ৮

চিবিশ-বৎসর প্রভু কৈল গৃহবাস।
নিরন্তর কৈল কৃষ্ণ কীর্ত্তন বিলাস॥ ৯
চিবিশে বৎসর শেষে করিয়া সম্মাস।
চিবিশে বৎসর কৈল নীলাচলে বাস॥ ১
তার মধ্যে ছয় বৎসর গমনাগমন।
কভু দক্ষিণ, কভু গোড়, কভু রুন্দাবন॥ ১১
অফীদশ বৎসর রহিলা নীলাচলে।
কৃষ্ণপ্রেম-নামামতে ভাসাইল সকলে॥ ১২
গার্হস্যে প্রভুর লীলা—আদিলীলাখ্যান।
মধ্য-অন্ত্য-লীলা—শেষ লীলার গ্রহনাম॥ ১৩

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

8। ভক্তচন্দ্রপণ—শ্রীটেততের ভক্তগণের প্রত্যেকেই এক একটা চন্দ্রের সদৃশ। চন্দ্র যেমন জ্যোৎসাদ্বারা জগতের অন্ধনার দূর করিয়া আলোকদারা জগতকে উদ্ভাসিত করে, তক্রপ শ্রীটেততের ভক্তগণও জগদাসীর হাদ্যের ত্র্বিসনাদি দূর করিয়া হাদ্য প্রেম পূর্ণ করিয়া সমুজ্জ্বল করিলেন।

্প্রেম্যজ্যাৎস্থা—প্রেমরূপ জ্যোংসা ভক্তগণকে চন্দ্রের সহিত এবং তাঁহারা যে প্রেম বিতরণ করিয়াছেন, তাহাকে জ্যোংসার সহিত তুলনা করা হইয়াছে। উজ্জ্বল—দীপ্তিশালী। প্রেমপক্ষে, শুদ্ধসম্বোজ্জল।

- ৫। এইত—প্রথম, হইতে দাদশ পরিছেদে। মুখবন্ধ—গ্রন্থের আরন্তে গ্রন্থমন্ধে সংক্ষিপ্ত বক্তব্যকে মুখবন্ধ বলে; ভূমিকা; অন্ত্রুমণিকা। অনুবন্ধ—আরম্ভ (শব্দরতাবলী)। ক্রাম-অনুবন্ধ—ক্রমের আরম্ভ। শ্রীতৈতন্ত্রের জন্মাদিলীলা হইতে আরম্ভ করিয়া যথাক্রমে সমস্ত লীলার বর্ণনা, এই ব্রয়োদশ-পরিছেদ হইতেই আরম্ভ করিতেছি।
- ৬-৮। শ্রীমন্ মহাপ্রভু নবদীর্পে অবতীর্ণ ইইয়া ৪৮ বংসর প্রকট ছিলেন; ১৪০৭ শকে তাঁহার আবির্ভাব এবং ১৪৫৫ শকে তাঁহার তিরোভাব।
- \$০। **চক্রিশবৎসর শেষ**—চত্বিংশতিবর্ষের শেষ ভাগের মাঘ মাসে; ১।৭।৩২ পয়ারের টীকা এটবা।
 চব্বিশবংসর-বয়সে সম্যাস গ্রহণ করিয়া চব্বিশবংসর নীলাচলে বাস করিয়াছিলেন।
- ১১-১২। তার মধ্যে—শেষ চিকিশবংসরের মধ্যে। প্রভুর সন্মাসাশ্রমের চিকিশবংসরের মধ্যে প্রথম ছন্ন বংসর নানাস্থানে—দক্ষিণাঞ্চল, বাঙ্গলা, বৃদ্যাবনাদি স্থানে—যাতায়াতে অতিবাহিত হইয়াছে। আর বাকী আঠার বংসর প্রভু কেবল নীলাচলেই ছিলেন।
- ১৩। বর্ণনার শৃল্পার নিমিত্ত মহাপ্রভুর লীলার ভাগ করিতেছেন। গাহঁছে —গৃহস্তাপ্রমে। প্রভুষে চিবিশ বংসর গৃহস্থাপ্রমে ছিলেন, সেই চিবিশবংসরের লীলাকে আদিলীলা বলা হইয়াছে। আর যে চবিশে বংসর সন্নাসাপ্রমে ছিলেন, সেই চবিশে বংসরের লীলাকে শেব লীলা বলা হইয়াছে; শেষ লীলার আবার তুই ভাগ—মধ্যলীলা ও অন্তালীলা। সন্নাস করিয়া যে ছয় বংসর নানাস্থানে ভ্রমণ করিয়াছেন, সেই ছয় বংসরের লীলাকে মধ্যলীলা বলা হইয়াছে। আর বাকী যে আঠার বংসর কেবল নীলাচলেই বাস করিয়াছিলেন, সেই আঠার বংসরের লীলাকে অস্তালীলা বলা হইয়াছে। মহাপ্রভুর সমস্ত লীলাকে এইভাবে ভাগ করিয়া শ্রীচৈতস্তাচরিতামৃতে বর্ণনা করা হইয়াছে।

আদিলীলামধ্যে প্রভুর যতেক চরিত। সূত্ররূপে মুরারিগুপ্ত করিলা গ্রাথিত॥ ১৪ প্রভুর যে শেষলীলা স্বরূপদামোদর। সূত্র করি গাঁথিলেন গ্রন্থের ভিতর॥ ১৫ এই-ছুইজনের সূত্র দেখিয়া শুনিয়া। বর্ণনা করেন বৈষ্ণব ক্রম যে করিয়া॥ ১৬

বাল্য, পোগও, কৈশোর, যৌবন—চারি ভেদ। অতএব আদিখণ্ডে লীলা চারি ভেদ॥ ১৭

তথাহি—
সক্ষিদ্ভণপূৰ্ণাং তাং বন্দে ফাল্কনপূৰ্ণিমাম্।
যস্তাং শ্ৰীকৃষ্ণচৈতন্তোহ্বতীৰ্ণ: কৃষ্ণনামভি:॥ ২

ে শ্লোকের সংস্কৃত টীকা।

সর্বৈঃ সদ্গুণৈঃ পূর্ণাং তাং ফাল্কনপূর্ণিমাং বন্দে—যশ্তাং ফাল্কনপূর্ণিমায়াং কৃষ্ণনামভিঃ সহ শ্রীকৃষ্ণতৈতন্তঃ অবতীর্ণঃ প্রাপঞ্চিকলোক-লোচন-গোচরীভূতো বভুব ইতার্থঃ। ২

গোর-কুপা-তর কিণী টীকা

১৪-১৭। গ্রন্থনার কবিরাজ-গোস্থানী শ্রীমন্ মহাপ্রভুব লীলা নিজে দর্শন করেন নাই; কাহার কাহার নিকট হইতে তিনি এই শ্রীচৈতক্সচরিতামূত-রচনার উপাদান প্রাপ্ত হইলেন, তাহাই বলিতেছেন। মুরারিগুপ্তের কড়চায় প্রভুর আদিলীলার সংক্ষিপ্ত বর্ণনা আছে। মুরারিগুপ্ত প্রভুর গৃহস্থাপ্রমের লীলায় প্রভুর স্কেই নবদীপে ছিলেন; স্ত্তরাং আদিলীলা তিনি স্বয়ং লীলার সঙ্গীরপে প্রত্যক্ষ করিষাই তাঁহার কড়চায় লিবিয়া গিয়াছেন। আর স্বরূপ-দামোদর মহাপ্রভুর অপ্রকটের সময় পর্যান্ত প্রত্বর শেষলীলার সঙ্গীরপেই নীলাচলে ছিলেন; তিনিও প্রত্যক্ষ দর্শন করিয়াই তাঁহার কড়চায় শেষলীলা বর্ণনা করিয়াছেন; এই ত্ইজন প্রত্যক্ষদর্শীর বর্ণনা হইতেই কবিরাজ-গোস্থানী শ্রীচৈতক্সচরিতামূতের উপাদান সংগ্রহ করিয়াছেন। আর রঘুনাপ দাস-গোস্থানী স্বরূপ-দামোদরের সঙ্গে থাক্রিয়াই নীলাচলে সর্বাদ প্রভুর সেবা করিয়াছেন—শেষ আঠার বংসর। প্রভুর ও স্বরূপ-দামোদরের অন্তর্গনির পরে তিনি শ্রীবৃদ্ধারনে আসেন; তিনিও লীলাসঙ্গীরূপে প্রভুর অন্তর্গলীলা স্বয়ং দর্শন করিয়াছেন; কবিরাজ-গোস্থানী তাঁহার মুথেও প্রভুর অন্তর্গলীলার অনেক কথা জানিতে পারিয়াছেন। শ্রীরূপ-সনাতনাদি গোস্থামিগণও প্রভুর অনেক লীলা প্রত্যক্ষ করিয়াছেন, তাঁহাদের মুথেও কবিরাজ-গোস্থানী লীলাসম্বন্ধে অনেক কথা শুনিয়াছেন। কবিরাজ-গোস্থানী এই ক্যজন প্রত্যক্ষদর্শীর বর্ণনা হইতেই তাঁহার প্রশ্বের উপাদান সংগ্রহ করিয়াছেন, ইহাতে তাঁহার স্বকপোল-কন্নিত কিছুই নাই।

এই তুইজনের—ম্রাবিগুপ্তের ও হরপ-দামোদরের। দেখিয়া—উক্ত তুইজনের কড়চা দেখিয়া। শুনিয়া—ব্যুনাথ দাস-গোস্থামী ও রপ-সনাতনাদির নিকটে গুনিয়া।

১৭। পাঁচবংসর বয়স পর্যান্ত বাল্যা, দশবংসর বয়স পর্যান্ত পোঁগাণ্ড, পনর বংসর বয়স পর্যান্ত কৈশোর; পনর বংসরের পরে যৌবন। প্রভু যৌবন পর্যান্ত গৃহে ছিলেন; স্করাং তাঁহার আদি (প্রথম চিকাশ বংসরের) লীলাকে বালালীলা, পোঁগণ্ডলীলা, কৈশোরলীলা ও যৌবনলীলা এই চারিখণ্ডে বিভক্ত করা যায়; পরবর্তী চারিটী পরিচ্ছেদে এই চারিটী লীলা যথাক্রমে বর্ণিত হইয়াছে। (ত্রয়োদশ পরিচ্ছেদে প্রভুর জন্মণীলা বর্ণিত হইয়াছে। লৌকিক দৃষ্টিতে জন্মগ্রহণের উপরে কাহারও নিজের কোনওরপ কর্তৃত্ব নাই; তাই লৌকিক-লীলায় প্রভুর জন্মগ্রহণ-লীলাটী বাল্যালীলার অন্তর্তুকরপে বর্ণনা না করিয়া স্বতন্ত্র পরিচ্ছেদে বর্ণনা করা হইয়াছে। বিশেষতঃ ভগবানের বান্ডবিক জন্ম নাই; ইহাও তাঁহার এক লীলা। ভূমিকায় "ব্রজেজনেন্দন"-প্রবন্ধ দ্রেইব্য। ১।১০।৭৮-৮৬ প্রার দ্রেইব্য)।

শ্লো। ২। অষয়। সর্কাদ্গুণপূর্ণাং (সমস্ত সদ্গুণদারা পরিপূর্ণ) তাং (সেই) ফাল্কনপূর্ণিমাং (ফাল্কনী পূর্ণিমাকে) বন্দে (বদ্দনা করি), যক্তাং (ঘাহাতে—যে ফাল্কনী পূর্ণিমাতে) শ্রীকৃঞ্চনামভি: (শ্রীকৃঞ্চনামের সহিত) শ্রীকৃঞ্চৈতে তা অবতীর্ণ: (অবতীর্ণ হইয়াছিলেন)।

ফাল্পনপূর্ণিমা-সন্ধ্যার প্রভুর জন্মোদর।
সেইকালে দৈবযোগে চন্দ্রগ্রহণ হয়॥ ১৮
'হরিহরি' বোলে লোক হরষি হ হঞা।
জন্মিলা চৈতক্যপ্রভু নাম জন্মাইয়া॥ ১৯
জন্ম বাল্য পোগও কৈশোর যুবাকালে।
হরিনাম লওয়াইলা প্রভু নানা ছলে॥ ২০

বাল্য ভাব হুলে প্রভু করেন ক্রন্দন।
কৃষ্ণ হরিনাম শুনি রহয়ে রোদন॥ ২১
অত এব 'হরিহরি' বোলে নারীগণ।
দেখিতে আইদে যেবা সব বন্ধুজন॥ ২২
'গৌরহরি' বলি তাঁরে হাসে সর্ববনারী।
অত এব হৈল তাঁর নাম, 'গৌরহরি'॥ ২৩

গৌর-কুপা-তরঞ্জিনী টীকা।

আসুবাদ। যেই ফাল্পনী পূর্ণিমায় প্রীকৃষ্ণনামের সহিত প্রীকৃষ্ণচৈতন্ত অবতীর্ণ হইয়াছিলেন, সর্বাসদ্গুণপরিপূর্ণা সেই ফাল্পনী-পূর্ণিমা-তিথিকে বন্দনা করি। ১

শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবসময়ে সকলেরই চিত্ত আপনা-আপনি আনন্দে ভরপূর হইয়া উঠিয়াছিল; অথচ কেন এরপ হইতেছিল, তাহা প্রথমে কেহই জানিতে পারেন নাই; এই আনন্দের প্রেরণায় ভক্তমণ্ডলীর যিনি যেখানে ছিলেন, তিনিই নৃত্যাদি-সহকারে শ্রীনামসন্ধীর্ত্তনে প্রবৃত্ত হইয়াছিলেন। (পরবর্ত্তা নহ-১০২ পয়ারের টীকা দ্রষ্টব্য।) বিশেষতঃ সেইদিন চন্দ্রগ্রহণও ছিল; তত্পলক্ষেও নবদীপবাসী প্রায় সকলেই শ্রীক্ষণনামকীর্ত্তন করিতেছিলেন; এইরপে শ্রীকৃষণ-নামকীর্ত্তনের মধ্যেই প্রভু আবিভূতি হইয়াছিলেন বলিয়া বলা হইয়াছে—তিনি শ্রীকৃষণনামের সহিত অবতীর্ণ হইয়াছিলেন।

ত্'একগানা গ্রন্থে উক্ত শ্লোকের পরেই নিমূলিখিত শ্লোক-তুইটী দৃষ্ট হয়:—"বৈবস্বত্যনোরষ্টাবিংশকে যুগসন্তবে।
চতুর্দিশশতাব্দে বৈ সপ্তবর্ষসমন্নিতে ॥ ভাগীরথীতটে রমো শচীগর্ভমহার্ণবে। রাল্গ্রন্তে পূর্ণিমান্নাং গৌরাক্ত: প্রকটো
ভবেং ॥" অফ্বাদ—বৈবস্বত-মন্ত্র অষ্টাবিংশ যুগে চৌদ শত সাত শতাব্দে রমণীয় ভাগীরথীতটে শচীগর্ভমহাসিন্ধতে
রাহ্গপ্ত-পূর্ণিমা-তিথিতে শ্রীগোরাক্ব প্রকট হইয়াছিলেন।

মহার অধিকার-কালকে বলে মন্তর; সপ্তম মহার নাম বৈবস্বত-মহা; বর্ত্তানে জাঁহারই অধিকার-কাল; তাই এপন বৈবস্বত-মন্তরই প্রচলিত। এক একটী মন্তরের মধ্যে একাত্তরটী চতুর্গ থাকে (১০০৫-৮ প্রারের টীকা প্রের)। বর্ত্তমান বৈবস্বত-মন্তরের এইরপ সাতাইশটী চতুর্গ অতীত হইয়া অষ্টাবিংশ-চতুর্গের অন্তর্গত কলার্গেই মহাপ্রভুব আবিভাব। শকাসারে গণনায় ১৪০৭ শকের ফাল্কনী পূর্ণিমা তিথিতে তিনি প্রকট হয়েন। সেদিন পূর্ণিমা ছিল, পূর্ণচন্দ্র রাত্রপ্ত হইয়াছিল। ভাগীরথী-ভীরে শীনবদ্ধীপে শচীমাতার গর্ভে তাঁহার অবিভাব হয়।

অধিকাংশ গ্রন্থেই এই শ্লোক তুইটী দৃষ্ট হয়না বলিয়া আমরাও তাহা মূল গ্রন্থের অস্তর্ভুক্তি করিলাম না।

১৮-১৯। কাল্কন পূর্ণিমা-সন্ধায়—কাল্কনী পূর্ণিমা-তিথির সন্ধান-সময়ে। জাল্মোদ্য়—জানের উদয় অর্থাৎ জানালীলার আবিভাব। জানালীলার অভিনয়পূর্বক আবিভাব। হিরি হরি—প্রভুর আবিভাব-সময়ে কোনও এক অপূর্ব আনন্দের প্রেরণায় সকলেই হরিনাম কীর্ত্তন করিতেছিলেন। নাম জাল্মাইয়া—যথন প্রভুর আবিভাব হয়, তথন লোক সকল হরিনাম কীর্ত্তন করিতেছিল। এই হরিনাম-কীর্ত্তনও যেন প্রভুর ইকিতেই আরম্ভ হইয়াছিল; তাই বলা হইয়াছে—হরিনাম জানাইয়া (লোকের মূথে কীর্ত্তন করাইয়া) প্রভু নিজে জানাগ্রহণ করিলেন।

২০। জ্বা-সময়ে প্রতু লোকের দারা ছরিনাম কীর্ত্তন করাইয়াছিলেন; এইরপ নানা ছলে বালা, পৌগও, কৈণোর এবং যৌবন কালেও লোককে ছরিনাম লওয়াইয়াছিলেন। লোককে ছরিনাম লওয়াইবার জন্তই প্রত্তুর আবির্ভাব এবং সকল সময়েই ভিনি ভাষা করিয়াছেন।

২১-২৩। বাল্যকালে প্রভূ কিরপে লোককে হরিনাম লওয়াইয়াছেন, তাহা বলা ছইতেছে। শিশুকালে সকলেই কাঁদ্যা থাকে, প্রভূও কাঁদিতেন; কিন্ধ কাঁদার সময়ে তাঁহার কাছে কেহ "হরি হরি" বলিলেই প্রভূর কারা

বাল্য-বয়স যাবৎ হাথে খড়ি দিল।
পোগণ্ড-বয়স যাবৎ বিবাহ না কৈল॥ ২৪
বিবাহ করিলে হৈল নবীন যোবন।
সর্বতে লণ্ডয়াইল প্রভু নামসন্ধীর্ত্তন॥ ২৫
পোগণ্ড-বয়সে পঢ়েন; পঢ়ান শিয়াগণে।

সর্বত্র করেন কৃষ্ণনামের ব্যাখ্যানে॥ ২৬
সূত্র বৃত্তি পাঁজি টীকা—কৃষ্ণেতে তাৎপর্য্য।
শিয়্যের প্রতীত হয় প্রভাব আশ্চর্য্য॥ ২৭
ধারে দেখে, তারে কহে,—কহ কৃষ্ণনাম।
কৃষ্ণনামে ভাসাইল নবদ্বীপগ্রাম॥ ২৮

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

পামিয়া ঘাইত; তাই জাঁহার কালা দেখিলেই নারীগণ "হরি হরি" বলিতেন; আর তিনি হরিনামে আনন্দ পায়েন দেখিয়া—যাঁহারা তাঁহাকে দেখিতে আসিতেন, তাঁহারাও "হরি হরি" বলিতেন। এইরপে ক্রন্দানাদির ছলে প্রভূবলাকালে লোককে হরিনাম লওয়াইতেন।

প্রভুর বর্ণ ছিল গোঁর; আর হরিনামে তিনি আনন্দ পাইতেন; তাই নারীগণ হাসিতে হাসিতে তাঁহাকে "গোঁরহরি" বলিতেন।

২৪-২৫। জন্ম হইতে পাঁচ বংসর বয়স পর্যান্ত বাল্য; বাল্য-বয়সের মধ্যে অর্থাং পঞ্চম বর্ষেই প্রভুর হাতে খড়ি দেওয়া ইইল অর্থাং বিজারজ্ঞ হইল। বাল্যের পরে দশ বংসর পর্যান্ত পৌগগু; দশ বংসর বয়স পর্যান্ত প্রভূ বিবাহ করেন নাই। পৌগগুর পরে পনর বংসর বয়স পর্যান্ত কৈশোর এবং তাহার পরে যৌবন। বিবাহ করিলে ইত্যাদি বাক্য হইতে ব্যাহায়, বিবাহের পরেই প্রভুর নবীন যৌবন আরম্ভ হয় (১।১৫।২ শ্লোকের টীকায় আলোচনা ক্রইবা)। থৌবনে প্রভূ সর্ব্বেই নামকীর্ত্তন লওয়াইয়াছিলেন।

২৬-২৮। পৌগতে প্রভু কিরপে লোককে কুফনাম গ্রহণ করাইয়াছিলেন, তাহা বলিতেছেন।

পৌগণ্ড-বয়সে প্রভূ নিজে, পাঠ আরম্ভ করেন এবং পৌগণ্ডের মধ্যেই পাঠ শেয় করিয়া নিজে টোল করিয়া ছাত্রদিগকে পড়াইতে লাগিলেন। (১।১৬।২ পয়ার হইতে জানা যায়—পৌগণ্ডের অস্তে কৈশোরেই প্রভূ শিষ্তাগণকে পড়াইতে আরম্ভ করিলেন)। তিনি ব্যাকরণ-শাস্ত্র পড়াইতেন—বিশেষ ভাবে তিনি কলাপব্যাকরণই পড়াইতেন। তাঁহার এমনই আশ্চর্য্য-শক্তি ছিল যে, ব্যাকরণের প্রত্যেক স্থ্রের ব্যাখ্যাই তিনি এক্সিঞ্চ পর্য্যবসিত করিতেন এবং তাঁহার অপূর্ব্ব ব্যাখ্যা শুনিয়া শিয়গণও অহুভব করিত—সম্পত্ত স্থতের তাৎপর্যাই একমাত্র শ্রীকৃষ্ণ—এমনই প্রভুর আশ্চর্যা প্রভাব ছিল। পাঁজি-পঞ্জিকা; ইহা কলাপ-ব্যাকরণের একটা টাকার নাম। স্বত্ত, বৃত্তি প্রভৃতি ব্যাকরণের সংশ্রবে ক্ষেক্টী বিষয়ের পারিভাষিক নাম। কি স্থত্তের ব্যাখ্যায়, কি বৃত্তির ব্যাখ্যায়, কি পাঁজির ব্যাখ্যায়—সর্ব্যেই প্রভু তাঁহার ব্যাখ্যাকে শ্রীক্লফে পর্য্যবসিত করিতেন; এইরূপ ব্যাখ্যা করার পর নিজেও নাম কীর্ত্তন করিতেন, সঙ্গে সঙ্গে ছাত্রগণ্ও করিতেন; পৌগণ্ডে প্রভূ এইরপেই লোককে কুফনাম গ্রহণ করাইয়াছিলেন। (গয়া হইতে আসার পরেই মহাপ্রভূ ব্যাকরণের স্থ্রাদির ক্লম্ব-তাৎপ্র্যাপর অর্থ করিয়াছিলেন এবং তথনই ছাত্রগণকে লইয়া কুম্ফকীর্ত্তনও আরম্ভ করিয়া-ছিলেন। ইহার বহু পূর্ব্বেই তাঁহার পোগও অতীত হইয়াছিল। তবে শ্রীপাদ মুরারি গুপ্ত তাঁহার কড়চায় শ্রীপাদ জগন্নাথ মিশ্রের অন্তর্ধানের পূর্ণেই-প্রভুর পৌগঞ্চ-বয়সেই-শ্রীনিমাই-গুরুগৃহে অধ্যয়ন কালে শিশুদিগকে পড়াইয়া-ছিলেন বলিয়া উল্লেখ করিয়াছেন। "গুরে!গুহি বসন্ জিষ্ণু কেলোন্ সকানধীতবান্। পাঠয়ামাস শিয়ান্স সরস্তী-পতিঃ স্থান্। ১৮০২।" প্রভুষে টোলে পড়িতেন, সেই টোলের ছাত্রদের মধ্যে জ্ঞানে বাঁহারা প্রভূর শিষাস্থানীয় ছিলেন, তাঁহাদিগকেই সম্ভবতঃ ম্রারি গুপু এম্বলে প্রভুর শিশু বলিয়া উল্লেখ করিয়াছেন; কারণ, প্রভু তখনও নিজে টোল করেন নাই। এ সমস্ত ছাত্রের নিকটে কোনও বিষয়ে ব্যাখ্যা করার সময়েই হয়ত প্রভু কখনও কুফানামেতে নিজের ব্যাখ্যার পর্যাব্দান করিয়াছিলেন)।

কিশোর-বয়সে ঝারম্ভিলা সঙ্কীর্ত্তন।
রাত্রি-দিনে প্রেমে নৃত্য,—সঙ্গে ভক্তগণ॥২৯
নগরে নগরে ভ্রমে কীর্ত্তন করিয়া।
ভাসাইল ত্রিভুবন প্রেমভক্তি দিয়া॥৩০
চবিবশবংসর ঐছে নবদ্বীপ গ্রামে।
লওয়াইলা সর্ববলোকে কৃষ্ণপ্রেম নামে॥৩১
চবিবশবংসর ছিলা করিয়া সন্যাস।
ভক্তগণ লঞা কৈলা নীলাচলে বাস॥৩২
তার মধ্যে নীলাচলে ছয় বংসর।

নৃত্য গীত প্রেমভক্তি-দান নিরন্তর॥ ৩৩
সেতুবন্ধ আর গোড় ব্যাপি বৃন্দাবন।
প্রেমনাম প্রচারিয়া করিলা জ্রমণ॥ ৩৪
এই 'মধ্যলীলা' নাম—লীলা-মুখ্যধাম।
শেষ অফাদশ বর্ষ 'অন্যূলীলা' নাম॥ ৩৫
তার মধ্যে ছয় বর্ষ ভক্তগণ-সঙ্গে।
প্রেমভক্তি লওয়াইলা নৃত্য-গীত-রঙ্গে॥ ৩৬
দাদশ বৎসর শেষ রহিলা নীলাচলে।
প্রেমাবস্থা শিখাইলা আসাদনচ্ছলে॥ ৩৭

গৌর-কূপা-তর ক্লিণী টীকা।

২৯-৩১। কৈশোরে এবং যৌবনের ২৪ ষংসর বয়স পর্যান্ত প্রভু কি ভাবে লোককে কৃষ্ণনাম গ্রহণ করাইয়াছিলেন, তাহা বলিতেছেন। সঙ্কীর্ত্তন আরম্ভ করিয়া সঙ্কীর্ত্তনরসে সকলকে আরম্ভ করিয়া কৃষ্ণনাম ক্রীর্ত্তন করাইয়াছিলেন। লওয়াইলা ইত্যাদি—সকলকে কৃষ্ণনাম গ্রহণ করাইলেন এবং প্রেম গ্রহণ করাইলেন (প্রেম দান করিলেন) কৃষ্ণ-প্রেম-লামে—কৃষ্ণ-প্রেম ও কৃষ্ণনাম।

এ পর্যান্ত প্রভূর আদি-লীলার ক্রমান্ত্রন্ধ বলা ছইল।

৩২-৩৪। চব্বিশ বংসর ব্যুসের পরে, অন্তর্ধানের সময় পর্যান্ত প্রভূ কিরুপে লোককে হরিনাম গ্রহণ করাইয়াছিলেন, তাহা বলিতেছেন, ৩২-৪১ প্যারে। প্রসঙ্গক্রমে ৩২-৩৪ প্যারে মধ্যলীলার এবং ৩৬-৪১ প্যারে অন্তঃলীলার ক্রমান্ত্বন্দ বলা হইয়াছে।

সন্মাসাশ্রমের চব্দিশ বংস্রের মধ্যে প্রথম ছয় বংসর সেতৃবন্ধ পর্যান্ত দক্ষিণ ভারত, বাঙ্গালা-দেশ এবং পশ্চিমে বৃদাবন প্রয়ন্ত নিজে যাইয়া এবং অবসর-সময়ে নীলাচলে থাকিয়া নিজে নৃত্যকীর্ত্তনাদি করিয়া সর্বসাধারণকে হরিনাম গ্রহণ করাইয়াছেন এবং ক্ষণপ্রেম দান করিয়াছেন।

৩৬-৩৭। সন্ধাদাশ্রমের চবিংশ বংসরের শেষ আঠার বংসর প্রভু নীলাচলেই অবিচ্ছিন্ন ভাবে ছিলেন; ইহার মধ্যে আবার প্রথম ছয় বংসর ভক্তগণের সঙ্গে মিশিয়া নৃত্যগীতাদি করিতেন এবং তত্বপলক্ষে লোক সকলকে প্রেমভক্তি গ্রহণ করাইতেন। শেষ বার-বংসর সাধারণত: এইভাবে বাহিরে নৃত্যগীতাদি করিতেন না—নিরবচ্ছিন্ন-রাধা-ভাবের আবেশে প্রভু বিভোর থাকিতেন, রাধাভাবের আবেশে সর্বাদাই তাঁহার চিত্তে শ্রীক্ষেত্রে বিরহ ক্রিপ্রাপ্ত হইত; তাই দিব্যোনাদজনতি প্রলাপাদিতেই তাঁহার দিন-রাত্রি অতিবাহিত হইত। শ্রীক্ষপ্রেম ভক্তের অন্তরে ও বাহিরে কি কি অবস্থা আনয়ন করে—শেষ বার বংসরের এ সমস্ত লীলাদারা প্রভু তাহাই দেখাইলেন।

প্রেমাবস্থা শিথাইলা ইত্যাদি—প্রভুর অন্তরে ও বাহিরে রুষ্ণপ্রমের যে সমন্ত অবস্থা প্রকটিত হইয়াছিল, জাবকে দেথাইবার উদ্দেশ্যেই যে প্রভু সে সমন্ত প্রকাশ করিয়াছেন, তাহা নহে; মহাভাবের আবেশৈ প্রভু নিজে রুষ্পপ্রেমের অনন্ত বৈচিত্রী আশ্বাদন করিয়াছিলেন; তাহার ফলে আপনা-আপনিই প্রভুর অন্তরে ও বাহিরে প্রেমবিকার-সমূহ অভিব্যক্ত হইয়াছে—-এ সমন্ত প্রভুর ইচ্ছারুত নহে, ইচ্ছা করিয়া কেহ এরপ (কুর্মার্নতি-ধারণ, হন্ত-পদাদির গ্রন্থিকে বিভন্তি-পরিমাণে শিথিলীকরণ ইত্যাদি) করিতেও পারেমা। যাহা হউক, প্রেমের প্রভাবে আপনা-আপনিই যে সমন্ত অবস্থা বিকাশ প্রাপ্ত হইয়াছে, তৎসমন্ত দেখিয়াই আত্র্যন্তিক ভাবে লোক-স্কল প্রেম-বিকারের প্রকার জানিতে পারিয়াছে।

রাত্রি-দিবদে কৃষ্ণবিরহ ক্ষূরণ।
উন্মাদের চেষ্টা করে প্রলাপ-বচন॥ ৩৮
শ্রীরাধার প্রলাপ থৈছে উদ্ধব দর্শনে।
দেইমত উন্মাদ—প্রলাপ করে রাত্রি-দিনে॥ ৩৯
বিচ্ঠাপতি জয়দেব চণ্ডীদাসের গীত।
আস্বাদেন রামানন্দ স্বরূপ-সহিত॥ ৪০
কৃষ্ণের বিয়োগে যত প্রেমচেন্টিত।
আস্বাদিয়া পূর্ণ কৈল আপন বাঞ্ছিত॥ ৪১
অনন্ত চৈতন্তলীলা কুদ্র জীব হঞা।
কে বর্ণিতে পারে তাহা বিস্তার করিয়া ?॥ ৪২
সূত্র করি গণে যদি আপনে অনন্ত।
সহস্রবদনে তেঁহো নাহি পায় অন্ত॥ ৪৩
শামোদরস্বরূপ আর গুপ্ত মুরারি।
মুখ্য মুখ্য লীলা সূত্রে লিখিয়াছে বিচারি॥ ৪৪

সেই-অনুসারে লিখি লীলা-সূত্রগণ।
বিস্তারি বর্ণিয়াছেন তাহা দাস বৃন্দাবন ॥ ৪৫
চৈতন্যলীলার ব্যাস বৃন্দাবনদাস।
মধুর করিয়া লীলা করিলা প্রকাশ ॥ ৪৬
প্রান্থবিস্তারভয়ে তেঁহো ছাড়িল যে-যে-স্থান ।
সেই সেই স্থানে কিছু করিব ব্যাখ্যান ॥ ৪৭
প্রভুর লীলামৃত তেঁহো কৈল আস্বাদন।
তাঁর ভুক্তশেষ কিছু করিয়ে চর্ববণ ॥ ৪৮
আদিলীলার সূত্র লিখি শুন ভক্তগণ।
সংক্ষেপে লিখিয়ে, সম্যক্ না যায় লিখন ॥ ৪৯
কোন বাঞ্ছা পূর্ণ লাগি ব্রজেক্রকুমার।
অবতীর্ণ হৈতে মনে করিলা বিচার ॥ ৫০
আগে অবতারিলা যে-যে গুরু পরিবার।
সংক্ষেপে কহিয়ে, কহা না যায় বিস্তার ॥ ৫১

গোর-কুপা-তর জিণী টীকা।

- ৩৮। উন্মাদের টেপ্তা করে—দিব্যোমাদগ্রস্ত শ্রীরাধার ক্যায় আচরণ করিতেন (শ্রীমহাপ্রস্তু)। প্রশাপ বচন—দিব্যোমাদজনিত প্রলাপ-বাক্য বলিতেন। ব্যর্থ আলাপের নাম প্রলাপ—ব্যর্থালাপ: প্রলাপ: স্থাৎ। উ:নী:উদ্ভা, ৮৭॥
- ত্রন। শ্রীক্ষের মধ্রায় অবস্থান-কালে, তাঁহার সংবাদ লইয়া উদ্ধব যথন ব্রজে আসিয়া শ্রীরাধিকাদি গোপস্থানরীদিগের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন, তথন তাঁহাকে দর্শন করিয়া শ্রীক্ষবিরহ-ক্রুন্তিতে দিব্যোনাদ-গ্রস্তা শ্রীরাধা
 যেরপ প্রলাপোক্তি প্রকাশ করিয়াছিলেন, সন্ধার্ট্যের শেষ দাদশবর্ষে নীলাচলে রাধাভাবাবিষ্ট শ্রীমন্ মহাপ্রস্তুও কৃষ্ণবিরহক্রিতে তদ্রপই দিব্যোনাদগ্রস্ত হইয়া তদ্রপই প্রলাপোক্তি প্রকাশ করিয়াছিলেন। উদ্ধবদর্শনে শ্রীরাধার প্রলাপোক্তি
 শ্রীমদ্ভাগবতোক্ত ভ্রমরগীতায়, (১০ম স্কন্ধ ৪৭ অধ্যায়ে) এবং শ্রীমন্ মহাপ্রস্তুর প্রলাপোক্তি শ্রীচৈতন্ত-চরিতামৃত্বের অস্ত্যলীলায় বিশেষরূপে বর্ণিত আছে, মধালীলায়ও কিছু কিছু আছে।
- **উদ্ধব-দর্শনে**—উদ্ধবের সাক্ষাতের পরে শ্রীক্লফ বিরহ-ফুর্ত্তিতে। **সেই মত উন্মাদ-প্রলাপ**—সেইরূপ (ুশ্রীরাধার ক্যায়) উন্মাদ এবং সেইরূপ প্রলাপ।
- ৪০। যথন কিছু বাহস্থি হইত, মহাপ্রভু তথন স্বরূপ-দামোদর ও রায়-রামান্দের সহিত বিজ্ঞাপতি ও চণ্ডীদাসের পদাবলী এবং জয়দেবের খ্রীগীতগোবিন্দের পদসমূহ আস্থাদন করিতেন।
- 88। ম্রারিগুপ্ত প্রভুর আদিলীলা এবং স্বরূপ-দামোদর প্রভুর শেষলীলা তাঁহাদের কড়চায় স্থ্রাকারে সংক্ষেপে বর্ণন করিয়াছেন।
- ৫০৫১। কোন বাঞ্ছা-- "শ্রীরাধায়া: প্রণয়মহিমা" ইত্যাদি ১।১।৬ শ্লোকোজ তিন বাঞ্ছা। আহ্বো-প্রথমে,
 নিজের আবির্তাবের পূর্বে। অবতারিলা-অবতীর্ণ করাইলেন। গুরুপরিবার-গুরুবর্গ ও তাঁহাদের
 পরিকর। শ্রীমন্ মহাপ্রভূ নিজে অবতীর্ণ ছওয়ার পূর্বের তাঁহার শুরুবর্গকে ও গুরুবর্গের পরিকরদিগকে অবতীর্ণ

শ্রীশ্চী জগন্নাথ শ্রীমাধবপুরী।
কেশবভারতী আর শ্রীঈশরপুরী। ৫২
আদিত-আচার্য্য আর পণ্ডিত শ্রীবাস।
আচার্য্যনিধি বিজ্ঞানিধি ঠাকুর হরিদাস। ৫৩
শ্রীহট্টনিবাসী শ্রীউপেক্রমিশ্র নাম।
বৈষ্ণব পণ্ডিত ধনী সদ্গুণপ্রধান। ৫৪
সপ্ত মিশ্র তাঁর পুত্র সপ্ত ঝ্যীশ্বর—।
কংসারি পরমানন্দ পদানাভ সর্বেশ্বর। ৫৫
জগন্নাথ জনার্দ্দন ত্রৈলোক্যনাথ।
নদীয়াতে গঙ্গাবাস কৈল জগন্নাথ। ৫৬
জগন্নাথ মিশ্রবর—পদবী 'পুরন্দর'।
নন্দ-বস্তুদেব-রূপ সদ্গুণ-সাগ্র। ৫৭

তাঁর পত্নী শচী নাম পতিব্রতা সতী।

যাঁর পিতা—নীলাম্বর নাম চক্রবর্তী ॥ ৫৮
রাচ্দেশে জনমিল ঠাকুর নিত্যানন্দ।
গঙ্গাদাস-পণ্ডিত, গুপ্ত মুরারি, মুকুন্দ ॥ ৫৯.
অসংখ্য নিজভক্তের করাঞা অবতার।
শেষে অবতীর্ণ হৈলা ব্রজেক্রকুমার॥ ৬০
প্রভুর আবির্ভাব-পূর্বের সর্ববৈষ্ণবর্গণ।
অহৈতাচার্য্যস্থানে করেন গমন॥ ৬১
গীতা-ভাগবত কহে আচার্য্যগোসাঞিঃ।
জ্ঞানকর্ম্ম নিন্দি করে ভক্তির বড়াঞিঃ॥ ৬২
সর্বিশাস্ত্রে করে কৃষ্ণভক্তির ব্যাখ্যান।
জ্ঞানযোগ কর্ম্মোগ নাহি মানে আন॥ ৬৩

গৌর-কূপা-তরঞ্জিণী টীকা।

করাইলেন। শ্রীমন্ মহাপ্রভুর লীলা লৌকিক-লীলা; লৌকিক জগতে পিতা-মাতাদি গুরুজনের জন্ম আগে হয়; তাই মহাপ্রভুও নরশীলা-সিদ্ধির নিমিত্ত তাঁহার পিতামাতাদি গুরুবর্গকে নিজে অবতীর্ণ হওয়ার আগেই অবতীর্ণ করাইলেন।

ভারবর্তের মধ্যে বাঁছার। পূর্বে অবতীর্ণ ছইয়াছেন, নিমের ৫২—৫৯ প্যারে তাঁছোদের নাম দেওয়া ছইয়াছে।

- ৫২-৫৩। শ্রীশ্চী-জগন্ধাথ—শ্রীশচীমাতা ও শ্রীজগন্নাথ মিশ্র। ইহাদের আবির্জাবের কথা ৫৬-৫৮ প্রারে বলা হইরাছে। শ্রীমাধবপুরী—লোকিক লীলার প্রভূর প্রমণ্ডক। কেশবভারতী—লোকিক লীলার প্রভূর সন্মানের গুরু। শ্রীস্থার-পুরী—লোকিক লীলার প্রভূব দীক্ষাগুরু।
- ৫৪-৫৬। শ্রীহটের ঢাকাদক্ষিণ গ্রামে শ্রীউপেন্দ্র মিশ্রের আবির্ভাব হয়; উপেন্দ্র মিশ্রের সাত পুত্র ছিলেন—
 (১) কংসারি, (২) পরমানন্দ, (৩) পদ্মনাভ, (৪) সুর্বেশ্বর, (৫) জগরাথ, (৬) জনার্দ্দন ও (৭) ত্রৈলোক্যনাথ। ইহাদের
 মধ্যে শ্রীজগরাথ মিশ্র গঙ্গাতীরে বাস করিবার অভিপ্রায়ে নবদ্বীপে আসিয়া বসতি স্থাপন করেন; এই জগরাথ-মিশ্রই
 শ্রীমন্ মহাপ্রভুর পিতা এবং শ্রীউপেন্দ্র মিশ্র হইলেন তাঁহার পিতামহ। সপ্তশ্বধি—মরীটি, অত্রি, অন্ধিরা, পুলন্তা,
 পুলহ, ক্রন্থ ও বশিষ্ঠ এই সাতজনকে সপ্তর্ধি বলে। উপেন্দ্রমিশ্রের কংসারি-আদি সাত পুত্র মরীটি-আদি সপ্ত শ্বির
 তুল্য ছিলেন। গঙ্গাবাস—গঙ্গাতীরে বাস।
- কেন। পদৰী—-উপাধি। জগন্ধাথ-মিশ্রের একটা উপাধি ছিল "পুরন্দর"; পুরন্দর অর্থ ইন্দ্র, প্রধান।
 নিন্দ্রসূদের ইত্যাদি—জগন্ধমিশ্র নন্দও বস্থাদেবের কায় অশেষ সদ্ভংগর আধার ছিলেন। স্থাপর-লীলার শ্রীনন্দমহারাজই শ্রীজগন্ধাথ মিশ্র রূপে অবতীর্ণ হইয়াছেন, শ্রীবস্থাদেবও শ্রীজগন্ধাথ মিশ্রে প্রবেশ করিয়াছেন।
- ৫৮। **ভাঁর পত্নী—শ্রীজ**গন্নাথমিশ্রের পত্নী। শ্রীজগন্নাথমিশ্রের পত্নীর নাম শ্রীশচীদেবী; ইনি শ্রীনীলাম্বর চক্রবর্ত্তীর করা। দাপর-লীলাব শ্রীঘণোদা-মাতাই শ্রীশচীদেবীরূপে অবতীর্ণ হইয়াছেন এবং শ্রীদেবকীদেবীও ভাঁহাতে প্রবেশ করিয়াছেন।
 - ৫৯। রাচ দেশে—বাচ দেশের একচাকা গ্রামে; বর্ত্তমান বীরভূম জিলায়।
- ৬১-৬৩। শ্রীমন্ মহাপ্রভুর আবির্তাবের পূর্বে শ্রীঅধ্বৈতাচার্য্যের সভাতেই তৎকালীন নবদ্বীপ্রাসী বৈষ্ণ্যগণ মিলিত হইয়া ভগবং-কথাদির আলোচনা করিতেন। শ্রীঅধৈত-মাচার্য্যও গীতা-ভাগবতাদির ব্যাখ্যায় জ্ঞান ও ক্ষ

তাঁর সঙ্গে আনন্দ করে বৈষ্ণবের গণ।
কৃষ্ণপূজা কৃষ্ণকথা নামসংকীর্ত্তন ॥ ৬৪
কিন্তু সর্বলোক দেখি কৃষ্ণ-বহির্মুখ।
বিষয়নিমগ় লোক দেখি পায় তুখ॥ ৬০
লোকের নিস্তার হেতু করেন চিন্তন—।
কেমতে এ-সব লোকের হইবে তারণ १॥ ৬৬
কৃষ্ণ অবতরি করে ভক্তির বিস্তার।
তবে সে সকল লোকের হইবে নিস্তার॥ ৬৭
কৃষ্ণাবতারিতে আচার্য্য প্রতিজ্ঞা করিয়া।
কৃষ্ণপূজা করে তুলসী-গঙ্গাজল দিয়া॥ ৬৮
কৃষ্ণের আহ্বান করে সঘন হুষ্কার।

ভূকারে আকৃষ্ট হৈলা ব্রজেন্দ্রকুমার। ৬৯ জগন্নাথমিশ্রপত্নী-শচীর উদরে।
তাষ্টকন্যা ক্রমে হৈল—জন্মি জন্মি মরে। ৭০ অপত্যবিরহে মিশ্রের ছঃখী হৈল মন।
পুত্র লাগি আরাধিলা বিষ্ণুর চরণ। ৭১ তবে পুত্র উপজিলা বিশ্বরূপ-নাম।
মহাগুণবান্ তেঁহো বলদেবধাম। ৭২ বলদেব প্রকাশ—পরব্যোমে সক্ষর্যণ।
তেঁহো বিশ্বের উপাদান নিমিত্ত কারণ। ৭০ তাঁহা বিনা বিশ্বে কিছু বস্তু নহে আর।
অতএব 'বিশ্বরূপ' নাম যে তাঁহার। ৭৪

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

অপেক্ষা ভক্তির প্রাধান্য স্থাপন করিয়া এবং অন্যান্ত শাস্ত্রগ্রন্থের ব্যাখ্যাতেও ক্লফভক্তির প্রাধান্য স্থাপন করিয়া তাঁহাদের আনন্দ বিধান করিতেন।

৬৫-৬৭। দেই সময়ের সাধারণ লোক সকল প্রায় সকলেই বিষয়ে আসক্ত হইয়া রুফবছিমুখি হইয়া পড়িয়া-ছিল; ইহা দেখিয়া বৈক্তবগণের অত্যন্ত তুঃখ হইল; কিরপে এই সকল লোক উদ্ধার পাইতে পারে, কিরপে তাহাদের রুফবছির্যুখ তা দ্রীভূত হইতে পারে, তাহাই তাঁহারা চিন্তা করিতে লাগিলেন। চিন্তা করিয়া তাঁহারা স্থির করিলেন যে—যদি শ্রীকৃষ্ণ অবতার্গ হইয়া ভক্তির প্রচার করেন, তাহা হইলেই এসকল লোকের উদ্ধার হইতে পারে।

উক্ত বর্ণনা হইতে ব্ঝা যায়, তৎকালীন ধর্ম-জংগতের অবস্থা এতই শোচনীয় হইয়া পড়িয়াছিল যে, স্বয়ং শ্রীকৃষ্ণ ব্যতীত অপর কাহারও দারাই তাহার সংস্কার সম্ভবপর ছিল বলিয়া তংকালীন বৈষ্ণবেগণ মনে করেনে নাই।

এফ্লে প্রসঙ্কমে শ্রীমন্ মহাপ্রভুর অবতারের স্কুচনা বর্ণিত হইল। স্থাং ভগবান্ অবতীর্ণ হয়েন রসাস্থাদনাদি তাঁহার নিজের কার্যের জন্ম; কিন্তু যখন তিনি অবতীর্ণ হয়েন, তখন জগতের দিক দিয়াও তাঁহার অবতরণের একটা বিশেষ প্রয়োজন থাকে। রসাস্থাদনাদি-স্কার্যা-সাধনের আমুষ্কিক ভাবেই জগতের সেই প্রয়োজন সিদ্ধ হয়। যে সময়ের - কথা বলা হইতেছে, সেই সময়ে শ্রীক্ষেরে অবতরণের পক্ষে জ্বগতের কি প্রয়োজন ছিল, তাহাই এস্কলে বলা হইল—তখন ধর্মের অভান্ত গ্লানি হইয়াছিল; ধর্ম-সংস্থাপনের নিমিত্ত তাঁহার অবতরণের প্রয়োজন হইয়াছিল।

৬৮-৬৯। বৈষ্ণবগণ যথন স্থির করিলোন যে, স্বরং শ্রীকৃষ্ণ অবতীর্ণ হইয়া ভক্তির প্রচার করিলোই জগতের উর্নার হইতে পারে, তথন অহৈতাচার্যাও প্রতিজ্ঞা করিলোন—তিনি শ্রীকৃষ্ণকে অবতীর্ণ করাইবেন। ততুদেশে তিনি গঙ্গাজল-তুশদী দিয়া প্রীতির সহিত শ্রীকৃষ্ণের পূজা করিতে লাগিলোন (১:৩৮০—৮৮ প্রারের টীকা দুইব্য) এবং সপ্রেম হুরারে শ্রীকৃষ্ণকে আহ্বানে করিতে লাগিলোন। তাঁহার আহ্বানে আক্রাই হইয়া ব্রজ্ঞোদ-নাদন শ্রীকৃষ্ণ শ্রীগোরাদ-রূপে শচীমাতার গর্ভে আবিভূতি হুইলোন।

৭০-৭৪। শচীমাতার গর্ভে ক্রমশঃ আঁট কফা জন্মগ্রহণ করিয়াছিলেন; কিন্তু আঁট কফাই জন্মিবার পরে দেই ত্যাগ করিলেন; তাঁহাদের বিবহে শ্রীশচী-জগন্নাথ অত্যন্ত তৃঃথিত হইলেন এবং পুত্র-প্রাপ্তির আশার তাঁহারা বিফুর আরাধনা করিতে লাগিলেন। পরে তাঁহাদের এক পুত্র জন্মিলেন—তাঁহার নাম রাখা হইল বিশ্বরূপ। তিনি ছিলেন শ্রীসন্ধর্বণের আবিতাব-বিশেষ। এই সন্ধর্বণেরই বিলাসমূর্ত্তি হইলেনপরব্যোম-চত্ত্র্তিহ্র অন্তর্গত সন্ধর্বণ এবং এই সন্ধর্বণই

তথাহি (ভাঃ—১০|১৫,৩৫—) নৈত্ৰজ্ঞিঃ ভগৰতি হানন্তে জগদীখনে।

ওতং প্রোতমিদং যশ্মিন তত্ত্বদ্ধ মথা পটঃ॥ ৩

র্নোকের সংস্কৃত টীকা।

বিশং ওতং অগ্রতমুধ পট ইব গ্রথিতঃ প্রোতং তির্যাক্তম্ব পটবদেব গ্রথিতং স্কাতে হিন্তু ইতার্থঃ । চক্রবর্ত্তী। ৩

গোর-কুপা-তরক্সিণী চীকা।

হইলেন বিশ্বের উপাদান-কারণ ও নিমিত্ত-কারণ (পূর্ববেত্তী পঞ্চম পরিচ্ছেদ দ্রষ্টব্য), অর্থাং সঙ্কর্ষণই স্থীয় অচিস্তাশক্তির প্রভাবে নিজে অবিক্লত থাকিয়া বিশ্বরূপে পরিণত হইয়াছেন বলিয়া তাঁহাকে বিশ্বরূপ বলা যায় এবং শচীতনয় বিশ্বরূপও সেই সঙ্কর্ষণেরই আবির্ভাব-বিশেষ বলিয়া তাঁহার বিশ্বরূপ-নাম-সার্থকই হইয়াছে।

ধান—দেহ, প্রভাব, রশ্মি (শক্ষর্জ্জম); আশ্রয়। বল্দেব্ধান—বল্দেবের দেহ; বল্দেবেরই এক দেহ বা অংশরপ দেহ অর্থাং বল্দেবের অংশ। ধান-শব্দের প্রভাব বা রশ্মি অর্থ ধরিলেও বল্দেব-ধান শব্দে বল্দেবের অংশ ব্রাইন্তে পারে (স্থ্যের রশ্মিকে ধেনন স্থ্যের অংশ বলা ধায়, তজ্ঞপ) অথবা, বল্দেবেই ইইলেন অংশীরপে ধান (বা আশ্রয়) বাঁহার, তিনি বল্দেবধান বা বল্দেবের অংশ। শ্রীবিশ্বরপ ইইলেন শ্রীবল্দেবের অংশ। বল্দেবের প্রশা—শ্রীবল্দেবের অংশ। বল্দেবের অংশ। বল্দেবের বিলাসম্ভি। পরবোনে সক্ষর্থা—পরবোনের চতুব্দেরের অন্তর্গত যে সক্ষর্থা আছেন, তিনি ইইলেন বল্দেবের বিলাসম্ভি। পরবোনে সক্ষর্থা—পরবোনের চতুব্দের অন্তর্গত যে সক্ষর্থা আছেন, তিনি ইইলেন বল্দেবের বিলাসম্ভি। কানও বস্তু তৈয়ার করা ইয়া, তাহাকে ঐ বস্তুর উপাদান-কারণ এবং নিমিত্ত-কারণ (পঞ্চম পরিছেল্দ দ্রের্থা)। উপাদান-কারণ হইল মাটী। নিমিত্ত কারণ—যে ব্যক্তি কোরও বস্তুর উপাদান-কারণ বলে; যেমন মৃগ্রয় ঘটের উপাদান-কারণ ইইল মাটী। নিমিত্ত কারণ—যে ব্যক্তি কোনও বস্তু তৈয়ার করে, তাহাকে বলে ঐ জ্বিনিষের নিমিত্ত-কারণ; যেমন, ঘটের নিমিত্ত-কারণ হইল কুন্তুকার। কারণার্থবশায়িরপে এই জ্বনতের উপাদানও সক্ষর্থণ এবং কর্ত্তাও সক্ষর্থণ। তাহা বিনা—দেই সক্ষর্থণ বাতীত। জগতে যত কিছু বস্তু আছে, সমন্তের উপাদানই সক্ষর্থণ; বিশ্বেরপ কান কিছু নাই, যাহা সক্ষর্থণর অতীত; সক্ষর্থাই এই বিশ্ব-প্রপঞ্চরপে পরিণত ইইয়াছেন বলিয়া সন্তর্থকে "বিশ্বরপ" বলা যায় বলিয়া এবং স্কর্থণই শচীগর্ভে আবিভ্তি ইইয়াছেন, তত্ততঃ তিনিও সন্ধর্থ। অত্তরৰ ইত্যাদি—সক্ষর্থাকে বিশ্বরপ বলা যায় বলিয়া এবং স্কর্থণই শচীগর্ভে আবিভ্তি ইইয়াছেন বলিয়া শচীস্থতের "বিশ্বরপ" নাম সার্থিকই ইইয়াছে।

সংক্ষণ ব্যতীত জগতে যে আর কিছু নাই, তাহার প্রমাণরপে নিমে শ্রীভাগবতের একটা শ্লোক উদ্ধৃত হইয়াছে।
ক্রো। ৩। অষম। অসং (হে অসং)! তস্তুষ্ (স্তুসমূহে) পটং (বন্ধ্র) যথা (যেরপে), [তথা] (সেইরপে)
[ধিস্মিন্] (বাঁহাতে) ইদং (এই) বিশ্বং (বিশ্ব) ওতং (উদ্ধৃতন্তুতে বন্ধের আয় গ্রথিত) প্রোতং (তির্যাক্-তন্তুতে বন্ধের আয় গ্রথিত), [তিস্মিন্] (তাঁহাতে-সেই) জগদীশ্বর (জগদীশ্বর) ভগবতি (ভগবান্) অনন্তেহি (অনন্তে—শীবলদেবে) এতং (ইহা) চিত্রং ন (বিচিত্র নহে)।

তাৰুবাদ। প্ৰীশুকদেৰ প্ৰীক্ষিং মহারাজকে বলিলেন "হে মহারাজ। তন্ততে বন্দের আয় বাঁহাতে এই বিশ্ব ওত-প্রোতভাবে অফুস্থাত হইয়া রহিয়াছে, সেই জাগদীশ্ব ভগবান অনতে ইহা বিচিত্র নহে।" ৩

পরীক্ষা করিয়া দেখিলে দেখা যায়, কাপড়ের তুই দিকে স্থতা থাকে—দৈর্ঘোর দিকে এবং প্রস্থের দিকে; দৈর্ঘোর দিকের স্থতার সঙ্গে প্রস্থের দিকের স্থতা গ্রন্থিত বা আবন্ধ এবং প্রস্থের দিকের স্থতার দক্ষে দৈর্ঘোর দিকের স্থতাও অতএব প্রভুর তেঁহো হৈল বড় ভাই। কুফ্-বলরাম ছুই—চৈতগ্য-নিতাই॥ ৭৫ পুত্র পাঞা দম্পতী হৈলা আনন্দিত মন। বিশেষে সেবন করে গোবিন্দচরণ ॥ ৭৬ চৌদ্দশত ছয়-শকে শেষ মাঘমাসে। জগন্নাথ-শচীর দেহে কুষ্ণের প্রকাশে॥ ৭৭

গৌর-কূপা-তরঙ্গিণী টীকা।

গ্রম্বিত বা আবদ্ধ; এইরূপই দৈর্ঘোর দিকের স্থতার সহিত গ্রম্বিত হওয়াকে বলে ওত এবং প্রস্থের দিকের স্তার সহিত গ্রথিত হওয়াকে বলে প্রোভ ; কাপড় স্থতাতে ওতপ্রোত, কাপড়ের সর্বাত্রই স্তা, স্তা ন্যতীত কাপড়ে অন্ত কিছুই নাই। তদ্রপ এই বিশ্বও ভগবান্ অনন্তদেবে (শীবলদেবে) ওতপ্রোত—বিশ্বের দৈর্ঘ্যের দিকেও তিনি, প্রস্থের দিকেওঁ তিনি, শ্রীবলদেব ব্যতীত বিশেষ কোণাও অন্ত কিছু নাই। এতাদৃশ যে শ্রীবলদেব, তাঁহার পক্ষে **এতৎ**—ইহা, ধেন্ত্কাস্থ্রের গর্দভ-দেহের আঘাতে সমস্ত তালবনকে কম্পিত করা। এক্রিফ ও এবলদেব সমস্ত রাথালগণকে লইয়া গোচারণ-উপলক্ষে তালবনের নিকটে গিয়াছিলেন। পাকা-তালের গক্ষে প্রলুক হইয়া রাখালগণ তাল খাওয়ার ইচ্ছা প্রকাশ করিলে সকলে তালবনে গেলেন এবং বলদেব হুই হাতে তালগাছ ধরিয়া ঝাকানি দিয়া দিয়া তাল পাড়িতে লাগিলেন। তাল পড়ার শব্দ পাইয়া কংসভোৱিত গর্দভাকতি ধেন্ত্রাস্থর সেই স্থানে উপস্থিত হইয়া বলদেবকে আক্রমণ করিল; বলদেবও তাহার পশ্চাতের তুই পা ধরিয়া তাহাকে ক্ষেক্বার ঘুরাইয়া একটা তালগাছের উপরে ছুড়িয়া ফেলিলেন; তাহার ফলে সেই তালগাছটী পড়িয়া গেল, তাহার ধারু। লাগিয়া আর একটা তালগাছ, তাহার ধারুষে আবার আর একটি—এই রূপে সমস্ত তালবনই প্রকম্পিত হইয়া গেল। যাহা হউক, একটা গদ্ভিকে তুই পা ধরিয়া মাথার উপর দিয়া ঘুরাইয়া দূরে নিক্ষেপ করা এবং তাছার আঘাতে তালগাছ পড়িয়া যাওয়া এবং সমস্ত তালবন প্রকম্পিত হওয়া একটা অত্যাশ্চর্য্য ব্যাপার—সন্দেহ নাই; তাই এম্বলে শ্রীশুকদেব বলিতেছিন—হাঁ, ইহা অপরের পক্ষে অভ্যাশ্চর্য্য ব্যাপার বটে, এমন কি অসম্ভবও হইতে পারে; কিন্তু যাঁহাতে সমস্ত বিশ্ব ওত-প্রোতভাবে অমুস্যুত, যিনি সমস্ত বিশ্বকেই ধারণ করিয়া আছেন, যিনি স্বরূপে অনতু, যিনি সমস্ত বিশ্বত্রাণ্ডের অধীপ্র এবং যিনি অচিস্তাশক্তি-সম্পন্ন ভগবান্, সেই শ্রীবলদেবের পক্ষে ইহা আশ্চর্ঘ্-ব্যাপার কিছুই নহে।"

"তাঁহা বিনা বিশ্বে কিছু বস্তু নাহি আর"—এই ৭৪ পয়ারের উক্তির প্রমাণ এই শ্লোক।

- ৭৫। ৭২ প্রারের সঙ্গে এই প্রারের অরয়। হাত এব—বিশ্বরপ শ্রীবলদেবের এক স্বরপ (সংর্ধাররপী স্বরপ) বলিয়া এবং ঘাপর-লীলায় শ্রীবলদেব শ্রীকণ্ণের বড় ভাই ছিলেন বলিয়া। ভেঁহো—বিশ্বরপ। বড়ভাই—শ্রীকৈতন্তের বড় ভাই। বড়ভাই বলিয়া গুরুবর্গেয় অন্তর্ভুক্ত হওয়ায় শ্রীকৈতন্তের পূর্বের শ্রীবিশ্বরপের আবির্ভাব হইল। বিশ্বরপ কেন বড়ভাই হইলেন, তাহা বলিতেছেন; ক্রম্ভ-বলরাম তুই ইত্যাদি—যেহেতু শ্রীকৃষ্টেই শ্রীকৈতন্ত এবং শ্রীবলরামই শ্রীনিত্যানন্দ এবং যেহেতু শ্রীবিশ্বরপ হইলেন শ্রীনিত্যানন্দ রই অংশ (গোরগণোদ্দেশ, ৬২) এবং শ্রীনিত্যানন্দ হইলেন শ্রীকৈতন্তের বড়ভাই)।
 - ৭৬। পুত্র পাঞা—বিশ্বরপকে পাইয়া। দম্পতী—স্বামী-দ্রী; শ্রীশচী ও শ্রীজগন্নাথ।
 - ৭৭। বিশ্বরূপের আবির্ভাবের কথা বলিয়া এক্ষণে শ্রীচৈততাের আবির্ভাবের ক্থা বলিতেছেন।
- ১৪০৬ শকের মাঘ মাদে শ্রীশাচী দেবী ও শ্রীজগন্ধাথমিশ্রের দেহে শ্রীকৃষ্ণ প্রকাশিত হইলেন; কির্দেশ প্রকাশিত হইলেন, তাহা ৭৮-৮৫ প্রারে বলিতেছেন। শেষ মাঘ মাদেশ মাঘ মাদের শেষ ভাগে।

মিশ্র করে শচীস্থানে দেখি আন রীত। ৭৮ জ্যোতির্ময় দেহে গেহে লক্ষ্মী অধিষ্ঠিত॥ ৭৯ যাঁহা তাঁহা সব লোক করেন সন্মান। ৮০ ঘরেতে পাঠায়্যা দেন বস্ত্র ধন ধান॥ ৮১ শচী কহে—মুঞ্জি দেখোঁ আকাশ উপরে। ৮২ দিব্যমূর্ত্তি লোক সব-যেন স্তৃতি করে॥ ৮৩

জগরাথমিশ্র কহে—স্বপ্ন যে দেখিল।
জ্যোতির্দ্যয়ধাম মোর হৃদয়ে পশিল॥ ৮৪
আমার হৃদয়ে হৈতে গেলা তোমার হৃদয়ে।
হেন বুঝি জন্মিবেন কোন মহাশয়ে॥ ৮৫
এত বলি দোঁহে রহে হর্ষিত হঞা।
শালগ্রাম সেবা করে বিশেষ করিয়া॥ ৮৬

গোর-কৃপা-তরঙ্গিণী টীকা।

৭৮-৮৬। ১৪০৬ শকের মাঘ মাদের পরে শ্রীশচীমাতার গর্ভসঞ্চারের লক্ষণ প্রকাশ পাইল; এদিকে, তাঁছার দেছেও অপূর্ব্ব জ্যোতি: দেখা যাইতে লাগিল এবং আরও অনেক অভূত ঘটনা ঘটতে লাগিল। এসমন্ত লক্ষ্য করিয়া শ্রিজ্বরাথ মিশ্র মহাশয় একদিন শ্রীশচীদেবীকে বলিলেন "দেখ, কি সব অছূত ব্যাপার দেখা যাইতেছে; তোমার দেহও খব জ্যোতির্ময় হইয়া উঠিয়ছে; বুবিবা প্রয় লক্ষ্যীদেবীই জ্যোতির্ময় দেহে তোমাকে আশ্রম করিয়া আমাদের গৃহে অবস্থান করিতেছেন। এদিকে আ্বার আরও অভূত ব্যাপার—যেখানেই যাই, সেখানেই দেখি, সমন্ত লোকে আমাকে সন্ধান করে; আর, কাহারও কাছে না চাহিলেও টাকা প্রসা, কাপড়, ধান চাইল আদি লোকে আপনা হইতেই আমাদের বাড়ীতে পাঠাইয়া দিতেছে।" মিশ্রঠাকুরের কথা শুনিয়া শ্রীশচীদেবীও বলিলেন—"আমিও যত সব অভূত কাও দেখিতেছি; যগন আকাশের দিকে তাকাই, তখন যেন সেখানে বহু লোক দেখিতে পাই, তাহাদের সকলেরই জ্যোতির্ময় দিবা মূর্দ্রি; আর দেখি, তাহারা সকলেই যেন আমাকে স্থাতি করিতেছেন।" শচীদেবীর কথা শুনিয়া মিশ্রর আবার বলিলেন—"দেখ, আমি একটা অভূত স্বপ্নও দেখিয়াছিঁ। দেখিলাম—আমার হাদ্যের মধ্যে যেন একটা জ্যোতির্ময় যস্ত প্রবেশ করিল এবং তাহা আবার আমার হাদ্য হইতে তোমার হাদ্যে প্রবেশ করিল। এদিকে তো এ সব অভূত ব্যাপার; তোমারও আবার গর্ভলক্ষণ প্রকাশ পাইতেছে; তাহাতে আমার মনে হইতেছে—তোমার গর্ভে যেন কোনও মহাপুক্র প্রাগ্রহণ করিবেন।" উভ্যেরই এইরূপ প্রতীতি জ্মিল; তাহাতে তাহাকে আনন্দের সীমা বহিল না; দ্বিণ্ডণ উৎসাহে তাহার প্রশাল্যামের সেবায় আত্মনিয়োগ করিলেন।

আনরীত—অভুত ব্যাপার। গৈছে—গৃহে। জ্যোতির্মায় দেহে ইত্যাদি—লক্ষ্মীদেবী জ্যোতির্মায় দেহে (জ্যোতি:রূপে) তোমার দেহকে আশ্রয় করিয়া আমাদের গৃহে অবস্থান করিতেছেন। বাঁহা তাঁহা ইত্যাদি—অস্তরে শ্রীরুঞ্জের আবির্ভাব হইয়ছে বলিয়া তাঁহার প্রভাবে সকলে সম্মানাদি করে। দিব্যমূর্ত্তি—
অপূর্ব জ্যোতির্মায় দেহ-বিশিষ্ট দেবতাদি। স্তৃতি করে—স্তব করে; শচীগর্ভয় শ্রীরুঞ্জকে স্তৃতি করে।
"মহাতেজ-মূর্ত্তি হইলেন হইজনে। তথাপিহ লখিতে না পারে অগুজনে॥ অবতীর্ণ হইবেন ঈশ্রর জানিয়া।
ব্রহ্মাশিব আদি স্থৃতি করেন আসিয়া॥ শ্রীকৈত্ত্য-ভাগবত, আদি, ২য় অধ্যায়।" জ্যোতির্মায় ধাম—জ্যোতির্মায়
রিশা; জ্যোতির্মায় বস্তুবিশেষ। জ্য়লীলা-প্রকটনের পূর্ব্বে ভগবান্ কিরূপে মাতার গর্ভে আবির্ভূত হয়েন এবং
কিরূপেই বা মাতার গর্ভকক্ষণ প্রকাশ পায়, ৮৪-৮৫ পয়ারে তাহা বলা হইয়াছে।

আমার হাদয় হৈতে ইত্যাদি—সেই জ্যোতির্ময় বস্তু আমার হৃদয় হইতে তোমার হৃদয়ে প্রবেশ করিল।

মান্থের যেমন মাতা-পিতা আছে, নরলীল-স্বয়ং-ভগবানের অপ্রকটলীলাতেও তাঁহার মাতা-পিতার অভিমান-পোষণকারী পরিকর আছেন; তাঁহারা মনে করেন, তাঁহারা ভগবানের পিতা-মাতা এবং ভগবান্ও মনে করেন—তাঁহার। তাঁহার মাতাপিতা। ভগবান্ যথন ব্রহ্মাণ্ডে তাঁহার নরলীলা প্রকটিত করিতে ইচ্ছা করেন, তথন—তংকালীন সাধারণ হৈতে হৈতে হৈল গর্ভ ত্রয়োদশ মাস।
তথাপি ভূমিষ্ঠ নহে, মিশ্রের হৈল ত্রাস॥৮৭
নীলাম্বর চক্রবর্তী কহিলা গণিয়া—।
এই মাসে পুত্র হৈবে শুভক্ষণ পাঞা॥৮৮

চৌদ্দশত সাত শকে মাস যে ফান্তুন। পোর্ণমাসী-সন্ধ্যাকালে হৈল গুভক্ষণ॥৮৯ সিংহরাশি সিংহলগ্ন উচ্চ গ্রাহগণ। ষড়্বর্গ অফবর্গ সর্ববস্থলক্ষণ॥৯০

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

লোকের মনে—তিনিও যে সাহ্য —এইরূপ একটা প্রতীতি জ্বাইতে হয়; নচেং নর্লীলা সিদ্ধ হয় না; আবার মাহ্য বিলয়া পরিচিত হইতে হইলে মাত্গর্ভেও জ্বা হওয়ার প্রয়োজন; কারণ, মাহ্যমাত্রেরই জ্বা হয়। তাই নর্লীলা-সিদ্ধির নিমিত্র এই ব্রহ্মাণ্ডে প্রকটন কালেও তাঁহার মাতা-পিতা থাকার দরকার এবং তাঁহার আবির্ভাবের পূর্বের মাতার দেহেও গর্ভস্কারের লক্ষণ প্রকাশ পাওয়া দরকার। তাই অপ্রকটে ঘাঁহারা তাঁহার মাতা-পিতা, ব্রহ্মাণ্ডে নিজের আবির্ভাবের পূর্বের ভগবান্ প্রথমতঃ প্রেটিত করান এবং পরে বিবাহান্ত গাঁনপূর্বের তাঁহাদিগকে মিলিত করান। নিজের আবির্ভাবের পূর্বের ভগবান্ প্রথমতঃ প্রেটাত করান এবং পরে বিবাহান্ত গাঁনপূর্বের তাঁহাদিগকে মিলিত করান। নিজের আবির্ভাবের পূর্বের ভগবান্ প্রথমতঃ প্রোতিরেরপ, অথবি যেইরূপে তিনি প্রকটিত হইবেন সেইরূপে— স্বপ্রাদিযোগে পিতার হৃদয়ে প্রবেশ করেন; তারপর, পিতার হৃদয় হইতে স্বয়ংই মাতার হৃদয়ে প্রবেশ করেন (যেমন মহাপ্রভুর আবির্ভাব-সময়ে হইয়াছিল); অথবা, পিতা স্বীয় হৃদয়ে জ্যোতিরেরপ-প্রবেশাদির কথা মাতার নিকটে প্রকাশ করিলে তত্বপলক্ষে প্রভিববান্ মাতার হৃদয়েও আবির্ভৃত হয়েন (যেমন মধ্রায় জ্রিক্ষেণ্ডর আবির্ভাব-সময়ে হইয়াছিল। জ্বীজাগবত ১০।২০১১-১০ শ্লোক)। তথন হইতেই মাতার দেহে প্রাকৃত মাতার তায় গর্তসঞ্চারের লক্ষ্য প্রকাশ পায়; কিন্তু পার্থির এই যে—প্রাকৃত রমণীর গর্ভস্পার হইল ভ্রুক্ত-শোণিতের সংযোগের ফল, কিন্তু যিনি জগবানের মাতা, তিনি জ্বন্ধস্বর গ্রাহ্ম গর্ভে সন্থানাংপত্তির প্রতীতি জ্বাইয়া দিয়া তাহার দেহে গর্ভবর্তীর লক্ষ্য প্রকটিত করেন। তারপর যথাসময়ে মাতার দেহে প্রস্ব-বেদনার এবং প্রস্বের লক্ষ্য প্রকটিত করাইয়া স্থোজাজত শিশুরূপে ভগবান্ নিজে আবির্তুত হয়েন; তারপরে নর্বশিশুর তায় তিনিও যেন ক্রমণঃ বৃদ্ধিত হইতেছেন—এইরূপ লীলা প্রকটিত করেন।

৮৪-৮৫ প্রার হইতে ব্ঝা যায়, শ্রীমন্মহাপ্রভু জ্যোতি:রূপে প্রথমে শ্রীজ্বর্গাপ মিশ্রের হ্রদয়ে আত্মপ্রকাশ করেন এবং তাহার পরে শ্রীজ্বরাপ মিশ্রের হ্রদয় হইতে শ্রীশচীদেবীর হ্রদয়ে প্রবেশ করেন, (ইহা শচীমাতাও প্রথমে জানিতে পারেন নাই); তথন হইতেই শচীমাতার দেহে গর্ভস্কারের লক্ষণ প্রকাশ পাইতে থাকে এবং ৮০ পয়ার হইতে ব্ঝা যায়, তথন হইতেই অন্তরীক্ষে থাকিয়া দেবগণ গর্ভস্থ ভগ্যান্কে স্থাতি করিতে থাকেন এবং তথন হইতেই শচীমাতার দেহও অপূর্ব জ্যোতিতে জ্যোতির্কয় দেখা যাইতে আরম্ভ করিল; তাহা দেখিয়াই হয়তো মিশ্রাকুরের স্বপ্রের ক্রামনে পড়িল এবং শচীমাতার নিকটে তাহা প্রকাশ করিতে প্রলুক্ক হইলেন।

৮৭-৮৮। সাধারণতঃ গর্ভসঞ্চারের দশন মাসেই সন্তানের জন্ম হয়; কিন্তু শচীমাতার দেহে গর্ভসঞ্চারের লক্ষণ প্রকাশ হওয়ার পর হইতে (যে তারিথে সীয় হাদয় হইতে শচীদেবীর হাদয়ে জ্যোতিঃ প্রবেশ করিলেন বলিয়া মিশ্র ঠাকুর স্থা দেখিলেন, সেই তারিথ হইতে আরম্ভ করিয়া) ত্রয়োদশ (তের) মাস সময় অতীত হইয়া গেল; তথাপি সন্তান ভূমিষ্ঠ হইল না দেখিয়া বিপদ্ আশক্ষা করিয়া মিশ্রেঠাকুর অভ্যন্ত ভীত হইলেন; কিন্তু শচীমাতার পিতা নীলাম্বর চক্রবর্ত্তী থুব ভাল জ্যোতিষী ছিলেন; তিনি গণিয়া বলিলেন,—চিস্তার কারণ নাই, এই ফাল্কন মাসেই পুক্র-সন্তান জন্মগ্রহণ করিবে।

এই মাসে—ত্তয়োদশ মাসে; ১৪০৭ শকের কান্তন মাসে।

৮৯-৯০। ১৪০৭ শকের ফাল্কন মাদে পূর্ণিমা তিখিতে (দোল-পূর্ণিমার দিনে) সন্ধ্যা-সময়ে প্রীশ্রীগোরস্কর

'অকলক্ষ' গৌরচন্দ্র দিলা দরশন।
সকলক্ষ চন্দ্রে আর কোন্ প্রয়োজন ? ॥ ৯১
এত জানি রাহু কৈল চন্দ্রের গ্রহণ।
কৃষ্ণ কৃষ্ণ হরি নামে ভাসে ত্রিভুবন ॥ ৯২
জগং-ভরিয়া লোক বোলে 'হরিহরি'।
সেইক্ষণে গৌরকৃষ্ণ ভূমি অবতরি ॥ ৯৩

প্রাসন্ন হইল সর্ববিজগতের মন।

'হরি' বলি হিন্দুকে হাস্থা করয়ে যবন॥ ১৪
'হরি' বলি নারীগণ দেয় তুলাত্তলি।
সর্গে বাখ্য নৃত্য করে দেব কুতুহলী॥ ১৫
প্রসন্ন হৈল দশদিগ্, প্রসন্ন নদীজল।
স্থাবর-জঙ্গম হৈল আনন্দে বিহ্বল॥ ১৬

গৌর-কুপা-তর দ্বিণী টীকা।

মাতৃগর্ভ হইতে আবিভূতি হইলেন; তাঁহার আবিভাব-সময়ে সিংহলগ্ন ছিল, সমস্ত গ্রহণণ উচ্চ স্থানে ছিল এবং বড়্বর্গ অষ্টবর্গাদি জ্যোতিষিক শুভ লক্ষণ-সমূহও বিভামান ছিল। জন্মক্ষতামুদারে তাঁহার রাশি ছিল সিংহ্রাশি।

উচ্চ গ্রহ, ষড়বর্গ, অষ্টবর্গ প্রভৃতি জ্যোতিষের পারিভাষিক শব্দ; এদমন্ত দারা গ্রহনক্ষতাদির কোনও বিশেষ ভাবের অবস্থান ব্রাষ; গ্রহাদির এরূপ অবস্থান-সময়ে ধাঁহার জন্ম হয়, তিনি সমস্ত সুলক্ষণে লক্ষণান্তি হয়নে।

শ্রীমন্ মহাপ্রভুর জন্মের মাস, তিথি এবং শকাব্দাই ৮০ প্রারে পাওয়া যায়; কিন্তু কান্তুন-মাসের কোন্ তারিথে কি বারে তিনি জন্মলীলা প্রকটিত করিয়াছিলেন, তাহা কোনও এল্পে পাওয়া যায় না; তারিথাদি নির্নের নিমিত্ত অধুনা কোনও কোনও পণ্ডিত বাক্তি বিশেষ চেষ্টা করিতেছেন। জ্যোতিষের গণনায় তাহা অসম্ভবও নহে। ১৩৩৬ ক্যাব্দের পৌধ-মাসের প্রবাসী-নামক মাসিক-পত্রিকায় শ্রীষ্ত যোগেশচন্দ্র রায় "কবি-শকাক্ষ"-শীর্ষক প্রবান্ধে লিথিয়াছেন — "১৭০৭ শকের ফাল্কনী পূর্ণিমা-তিথিতে শ্রীচৈতন্তের জন্ম হইয়াছিল। সে রাত্রে চন্দ্রগ্রহণ হইয়াছিল।" এই প্রদক্ষে পাদটীকায় তিনি লিথিয়াছেন "উক্ত (১৪০৭) শকের ফাল্কনী পূর্ণিমা ২৩শে ফাল্কন, শনিবারে। পূর্ণিমা নবদ্বীপে প্রায় ৪০ দণ্ড। রাত্রি ৮.দণ্ডের সময় চন্দ্রগ্রহণ আরম্ভ হইয়াছিল। গ্রাস প্রায় ১১ অনুলি।" এই সিদ্ধান্ত-অনুসারে বুঝা যায়, ১৪০৭-শকের ২৩শে ফাল্কন শনিবারে শ্রীমন্ মহাপ্রভু আবিভূতি হইয়াছিলেন। ১১—১৩ প্রারের টীকা প্রত্ন্য। ভূমিকায় শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাব সময়-সম্বন্ধে জ্যোতিষিক গণনা দ্রন্থব্য।

৯১-৯০। মহাপ্রত্ব-আবির্ভাবের দিন চন্দ্রগ্রহণ হইয়াছিল—চন্দ্রকে রাছ গ্রাস করিয়াছিল; তাই গ্রন্থকার কবির ভাষার বলিতেছেন—"আমাদের আকানের চন্দ্র পূর্ণচন্দ্র হইলেও তাহাতে কলক আছে; কিন্তু ১৪০৭ শকের ফাল্কনী পূর্ণিমায় যিনি আবির্ভূত হইলেন, সেই গোরস্থানরও চন্দ্রের ক্যায়—এমন কি চন্দ্র অপেক্ষাও বেশী স্থানর; চন্দ্র যেমন জগতের অন্ধনার দ্ব করে, তিনিও পরে জগতের অজ্ঞানান্ধকার দ্ব করিয়াছিলেন; তাই তাঁহাকেও চন্দ্র বলা যায়। আকানের চন্দ্রে কলক আছে, আমাদের গোরচন্দ্রে কিন্তু কোনও কলকই নাই। এই অকলক-গোরচন্দ্রের উদয় দেখিরাই ব্রিবা—সকলক আকাশের চন্দ্রের আর কোনও প্রয়োজন নাই মনে করিয়া রাভ তাহাকে গ্রাস করিয়াছে।" যাহা হউক, গ্রহণোপলক্ষে—গ্রহণের পূর্বে হইতেই ধর্মপ্রাণ হিন্দৃগণ সর্বত্র রঞ্জানাকীর্ত্তন করিতেছিলেন; এই সন্ধীর্তনের সময়েই শ্রীমন্ মহাপ্রভূ অবতীর্ণ হইলেন। ১১ প্যার হইতে ব্ঝা যায়, গ্রভূর আবির্ভাক হইরাছিল। পরবর্ত্তী ১৮-১০ জ্রিপদী হইতেও বৃঝা যায়, চন্দ্রগ্রহণ আরম্ভ হওয়ার পূর্বেই মহাপ্রভূর আবির্ভাক হইরাছিল, যাহার প্রভাবে শ্রীমন্ত্রেলি আনন্দে বিহ্বল হইয়াছিলেন। ৮১ প্যারের টীকায় উদ্ধৃত শ্রীয়ৃত যোগেশচন্দ্র রায় মহাশ্বরের অভিমত হইতে বুঝা যায়, রাত্রি ৮ দণ্ডের সময় গ্রহণারন্ত; আর ৮১ প্যার হইতে জানা যায়, সন্ধ্যা-দান্ত্রের অভিমত হইতে জ্বনা যায়, রাত্রি ৮ দণ্ডের সময় গ্রহণারন্ত; আর ৮১ প্যারি হইরে জানা যায়, সন্ধান্দ সময়ের প্রত্বির আবির্ভাব হইয়াছিল।

গৌরকৃষ্ণ--গোররপ রুষ্ণ; গোরচন্দ্ররপে স্বয়ং শ্রীকৃষ্ণ। ভূমি অবতরি--পৃথিবীতে অবতীর্ণ ইইলেন। ৯৪-৯৬। স্বয়ং ভগবান্ শ্রীমন্ মহাপ্রভু আনন্দ-স্বরূপ; সচিদানন্দ-বিগ্রহরপে তিনি স্বয়ং ব্রহ্বান্তে অবতীর্ণ

যথারাগঃ।

নদীয়া-উদয়গিরি, পূর্ণচন্দ্র গৌরহরি,
কুপা করি হইল উদয়।
পাপ্-তমো হৈল নাশ, ত্রিজগতের উল্লাস,
জগভরি হরিধানি হয়॥ ৯৭
সেই কালে নিজালয়ে, উঠিয়া অদ্বৈতরায়ে,
নৃত্য করে আনন্দিত মনে।

হরিদাসে লৈয়া সঙ্গে, হুস্কার কীর্ত্তন রক্তে,
কেনে নাচে কেখো নাহি জানে ॥ ৯৮
দেখি উপরাগ হাসি, শীত্র গঙ্গাঘাটে আসি,
আনন্দে করিলা গঙ্গাস্থান ।
পাঞা উপরাগ-ছলে, আপনার মনোবলে,
ব্যান্সাণেরে দিল নানাদান ॥ ৯৯

গৌর-কুপা-ভরঙ্গিণী দীকা।

হওয়ায় জগদ্বাদী সকলেই— হিন্দু মুদলমান, 'পুরুষ দ্রী, বালক বৃদ্ধ সকলের চিন্তই—আপনা-আপনি আনন্দে পরিপূর্ণ হইয়া উঠিল। অক্সাং কেন তাহাদের মন এরপ প্রফুল্ল হইয়া উঠিল, তাহা হয়তো সকলে জানে না; কিন্তু তাহাদের চিত্তের প্রফুল্লতা নানাভাবে আত্মপ্রকাশ করিতে লাগিল। পুরুষরো নৃত্যকীর্ত্তন করিতে লাগিল, দ্রীলোকেরা "হ্রি হরি" বলিয়া হুলুম্বনি করিতে লাগিল; আর যাহারা হিন্দু নহে—যবন—তাহারাও রক্ষছলে "হ্রি হ্রি" বলিয়া হিন্দুকে ঠাট্টা করিয়া হাত্ম করিতে লাগিল। নানাভাবে প্রফুল্লতার অভিব্যক্তির সঙ্গে সঙ্গে হিন্দুম্সলমান, পুরুষনারী—সকলের মুথে হরিনামও প্রকাশ পাইতে লাগিল। স্বীর্ত্তন-নাটুয়া শ্রীন্ত্রীরস্ক্রের আবির্তাবের সঙ্গে সঙ্গেই সকলের মুথে হরিনামও প্রকাশ পাইতে লাগিল। স্বীর্ত্তন-নাটুয়া শ্রীন্ত্রিগারস্ক্রের আবির্তাবের সঙ্গে সকলের মুথে শ্রীনামেরও আবির্তাব হইল। এইতো গেল এই মর্ত্তা জগতের কথা; ওদিকে আবার স্বর্গেও দেবতাগণ আনন্দের মোর্তে ভাসিতে লাগিলেন—তাহারাও আনন্দের উচ্ছাসে নৃত্য-গীত-বাল্যদি করিতে লাগিলেন। বস্ততঃ পশু, পজনী, কীট, পতঙ্গাদি—তক্ষ, শুন্ম, লতাদি—স্থাবর-জন্সম সকলের মধ্যেই অক্সাং আনন্দের সাড়া পড়িয়াঁ গেল; নদীর জলও অক্সাং যেন প্রসন্ন হইয়া উঠিল; বস্ততঃ দশ্দিকে যেন একটা প্রসন্নতার তরঙ্গ-প্রবাহিত হইতে লাগিল।

কিব। নদীয়া-উদয়গিরি—শ্রীনবদ্বীপরূপ উদয়-পর্বতে। পূর্বেদিক্-দীমান্তে যেথানে চন্দ্রের বা ক্রেরে উদয় দৃষ্ট হয়, প্রাচীনগণ মনে করিতেন, দেখানে একটা পর্বত আছে, দেই পর্বতেই চন্দ্র-স্থ্যের উদয় হয়। এজন্ম ঐ পর্বতকে উদয়গিরি (গিরি = পর্বত) বলা হইত। এস্থলে নদীয়ায় শ্রীশ্রীগোরস্থলরের আবির্ভাব হওয়ায় এবং গৌরস্থলরকে চন্দ্রের সহিত তুলনা করায় নদীয়াকে উদয়গিরির দঙ্গে তুলনা করিয়া নদীয়া-উদয়গিরি বলা হইয়াছে। পূর্বিতন্দ্র গৌরহরি—গৌরহরিরলগ পূর্বচন্দ্র। পাপ-ত্রো—পাপরূপ অন্ধকার। চন্দ্রের সহিত গৌরহরির ক্রিয়াসাম্য দেখান হইতেছে। চন্দ্রের উদয়ে যেমন অন্ধকার দ্র হয়, গৌরহরির আবির্ভাবেও জগতের পাপরাশি দ্রীজৃত হইয়াছিল। বিজ্গতের উল্লাস—চন্দ্রের উদয়ে লোক যেমন আনন্দিত হয়, গৌরহরির আবির্ভাবেও বিজ্গাম—চন্দ্রের উদয়ে লোক যেমন আনন্দিত হয়, গৌরহরির আবির্ভাবেও বিজ্গাম—চন্দ্রের ইরিংবনি—ব্রদ্ধাণ্ডবাদীর অন্তিরস্থিত উল্লাস হরি-হরি-ধ্বনিরূপে বাহিরে প্রকাশিত হইল। প্রভূব আবির্ভাবের ফলেই লোকে তথন হরিধ্বনি ক্রিতেছিল।

৯৮। সেই কালে—প্রভ্র আবির্ভাব-সময়ে। মহাপ্রভ্র আবির্ভাব-সময়ে শ্রীঅব্রৈতাচার্য ছিলেন নিজের গৃহে; শ্রীপাদ হরিদাস ঠাকুরও সেখানে ছিলেন; প্রভ্র আবির্ভাবের কথা কেহ তথনও শুনেন নাই; তথাপি কিন্তু অস্তরে উচ্চ কি এক আনন্দের প্রেরণায় হরিদাস-ঠাকুরকে সঙ্গে লইয়া শ্রীঅব্রৈত সপ্রোগ হন্ধার করিতে করিতে আনন্দিত চিত্তে নৃত্য-কীর্ত্তন করিতে লাগিলেন; কিন্তু কেন তাঁহারা এরপ করিতেছেন, তাহা কেহ জানিতেন না।

৯৯। **উপরাগ**—গ্রহণ। **উপরাগ-হাসি**—গ্রহণের হাসি; চন্দ্রগ্রহণের আরম্ভ। কোন কোন গ্রন্থে "উপরাগ রাশি" পাঠও আছে; অর্থ একই।

অন্বয়:— উপরাগহাসি দেখিয়া শীঘ্র গঙ্গাখাটে আসিয়া আনন্দে গঙ্গালান করিলেন।

জগং আননদময়, দেখি মন সবিস্ময়,
ঠারেঠোরে কহে হরিদাস—।
তোমার ঐছন রঙ্গ, মোর মন পরসর,
দেখি কিছু কার্য্যে আছে ভাস॥ ১০০
আচার্য্যরত্ন শ্রীবাস, হৈল মনে স্থােলাস,
যাই স্নান কৈল গঙ্গাজলে।
আনন্দে বিহ্বল মন, করে হরিসঙ্গীর্ত্তন,
নানাদান কৈল মনোবলে॥ ১০১

এইমত ভক্ততি, যার যেই দেশে স্থিতি,
তাহাঁ তাহাঁ পাঞা মনোবলে।
নাচে করে সঙ্কীর্ত্রন, আনন্দে বিহবল মন,
দান করে গ্রহণের ছলে॥ ১০২
ব্রাক্ষণ সজ্জন-নারী, নানাদ্রব্য থালী ভরি,
আইলা সভে যৌতুক লইয়া।
যেন কাঁচা সোণা জ্বাতি, দেখি বালকের মূর্ত্তি,
আশীর্ব্যাদ করে স্থুখ পাঞা॥ ১০৩

গৌর-কূপা-তরক্সিণী টীকা!

অপবা, উপরাগ ও হাসিকে পৃথক্ ভাবে রাখিয়া এরপ অন্বয়ও করা যায়:—উপরাগ দেখিয়া হাসিয়া গঙ্গাঘাটে আসিয়া ইত্যাদি।

শ্রীতাবৈত ও শ্রীহরিদাস আনন্দে নৃত্যকীর্ত্তন করিতেছেন; হঠাৎ আকাশের দিকে দৃষ্টি পতিত হওয়ায় যথনই দেখিলেন যে চন্দ্রগ্রহণ আরম্ভ হইরাছে, তখনই উভয়ে গঙ্গার ঘাটে যাইয়া আনন্দে গঙ্গালান করিলেন। (গ্রহণের আরম্ভেও অন্তে ্বানের বিধি প্রচলিত আছে।)

পাঞা উপরাগ ছলে ইত্যাদি—গ্রহণের ছল পাইয়া শ্রীঅধৈত মনের আনন্দে ব্রাহ্মণকে বিবিধ দ্র্ব্য দান করিলেন। (গ্রহণের সময় সংপাত্তে দান করার প্রথাও প্রচলিত আছে)। এসমস্তই শ্রীঅধৈতের আনন্দের অভিব্যক্তি।

১০০। ঠারে ঠোরে—ইঙ্গিতে। পরসন্ধ—প্রসন্ধ। ভাষ—আভাস, ইঙ্গিত।

সকলের মধ্যেই একটা আনন্দের স্রোত প্রবাহিত হইতেছিল দেণিয়া হরিদাস-ঠাকুর বিশ্বিত হইলেন, তিনি ভাবিলেন, কেন এরপু হইতেছে? কেন সকলে এত আনন্দিত? আরো তো কতবার গ্রহণ হইয়াছে, তত্বপলক্ষে আরো কতবার লোকে গঙ্গায়ানাদি করিয়াছে; কিন্তু এরপ অবাধ আনন্দ তো কথনও দেশি নাই। এবার এসময় বুনি কোনও একটা বিশেষ ঘটনা ঘটিয়াছে, ধাহার প্রভাবে সমস্ত জগতে আনন্দের স্রোত বহিয়া যাইতেছে; তবে কি শ্রীমহৈতের আরাধনার ধন আনন্দময় শ্রীক্ষেরে আবির্ভাব হইল?" এরপ ভাবিয়াই বোধ হয় শ্রীহরিদাস শ্রীমাই ভাচার্যাকে ইন্ধিতে বলিলেন—"তুমিও এসব রঙ্গ করিতেছ, নৃত্য-কীর্ত্তন করিতেছ, হন্ধার করিতেছ, আবার আনন্দের আতিশয়ো রাহ্মণকেও দান করিতেছ; এদিকে আমার মনও অত্যন্ত প্রসায় হইয়া উঠিয়াছে। ইহার পশ্চাতে কিছু গুঢ় রহস্ত আছে বলিয়াই মনে হইতেছে।" ইন্ধিতে জানাইলেন—"তবে কি তোমার আরাধনার ফলে শ্রীকৃষ্ণ আবির্ভূত হইয়াছেন? নচেং এত আনন্দ কোথা হইতে আসিবে?"

- ১০১। আচার্য্যরত্ব—শীচন্দ্রশেধর আচার্য। শীচন্দ্রশেধর আচার্য এবং শীবাস পণ্ডিতও চিত্তস্থিত আনন্দের প্রেরণায় যাইয়া গঙ্গাস্থান করিলেন এবং নৃত্যকীর্ত্তনাদি করিয়া সংপাত্তে নানাবিধ দ্রব্য দান করিলেন।
- ১০২। ভক্ততি—ভক্তসমূহ। কেবল নবৰীপে নহে, যে দেশে যে ভক্ত ছিলেন, তাঁহাদের সকলের চিত্তেই একটা অভ্তপুর্ব আনন্দের তরঙ্গ উথলিয়া উঠিল; তাহার ফলে সকলেই নৃত্যাদির সহিত নামসন্ধীর্ত্তনাদি করিতে লাগিলেন এবং গ্রহণের উপলক্ষ্য পাইয়া যোগ্যপাত্তে নানাবিধ দ্বব্য দান করিতে লাগিলেন।

প্রভূব আবির্ভাবজনিত আনন্দের প্রেরণাতেই লোক-সকল দানাদি করিয়াছিলেন; স্থতরাং গ্রহণোপলক্ষ্যে এই পকল দানাদি হইয়া থাকিলেও দানাদির প্রবর্ত্তক আবির্ভাবজনিত আনন্দ বলিয়া এসমস্ত দানকে প্রকৃত প্রস্তাবে প্রভূব আবির্ভাব-উপলক্ষ্যের মঙ্গলামুষ্ঠানমূলক দানই বলা যায়।

১০৩। এইদিকে শচীমাতার প্রসবের সংবাদ পুষিয়া প্রতিবেশিনী রমণীগণ থালি ভরিয়া নানাবিধ উপছার-শ্বর লইয়া সংস্থান্ধাত শিশুকে আশীর্বাদ করিতে আসিলেন। সাবিত্রী গৌরী সরস্বতী, শচী রস্তা অরুক্ষতী,
অধর যত দেবনারীগণ।
নানাদ্রব্য পাত্র ভরি বান্দানীর বেশ ধরি,
আসি সভে করে দরশন ॥ ১০৪
অন্তরীক্ষে দেবগণ, গন্ধর্বে সিদ্ধ চারণ,
স্তুতি নৃত্য করে বাছ্য গীত।
নর্ভক বাদক ভাট, নবদ্বীপে যার নাট,
সভে আসি নাচে পাঞা প্রীত ॥ ১০৫
কেবা আইদে কেবা যায়, কেবা নাচে কেবা গায়,
সম্ভালিতে নারে কারো বোল।

খণ্ডিলেক দুঃখ শোক, প্রামাদে পূরিত লোক,

মিশ্র হৈলা আনন্দে বিহ্বল ॥ ১০৬

আচার্যারত্ন শ্রীবাস, জগরাথমিশ্র-পাশ,

আসি তাঁরে করি সাবধান।

করাইল জাতকর্মা, যে আছিল বিধিধর্মা,

তবে মিশ্র করে নানাদান ॥ ১০৭

যৌতুক পাইল যত, ঘরে বা আছিল কত,

সব ধন বিপ্রো দিল দান।

যত নর্ত্রক গায়ন, ভাট অকিঞ্চন জন,

ধন দিয়া কৈল সভায় মান॥ ১০৮

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

ব্রাহ্মণ-সজ্জন-মারী—ব্রাহ্মণদের মধ্যে সংলোকদের রমণীগণ। ধৌতুক—উপহার। কঁচোসোনাত্যুতি—
শিশুর গায়ের বর্ণ যেন কাঁচা সোনার বর্ণের ন্যায় পীতবর্ণ।

১০৪। কেবল যে প্রতিবেশিনী রমণীগণই শিশুকে আশীবাদি করিতে আসিলেন, তাহা নছে; সাবিত্রী-গোরী প্রভৃতি দেবনারীগণও ব্রাহ্মণীর বেশ ধ্রিয়া যৌতুক লইয়া আসিয়া শিশুকে দর্শন করিতে লাগিলেন।

মহাপ্রত্ব লীলা নরলীলা বলিয়াই দেব-নারীগণ স্ব-স্করণে আদেন নাই, মাস্থ্যরূপ ধ্রিয়া আসিয়াছিলেন; প্রু রাজণের গৃহে রাজাসন্তানরূপে অবতীর্ণ ইইয়াছিলেন বলিয়া রাজাণ ব্যতীত অপরের আশীর্বাদের পাত্র নহেন; এজন্ম দেবনারীগণ রাজাণ-রমণীর বেশ ধ্রিয়া আসিয়াছিলেন; দেবীরূপে আসিলে সকলে আশ্র্যান্তি ইইত, নরলীলার রসভঙ্গ হইত; রাজাণ-রমণীবেশে আসাতে—শিশুর সান্নিধ্যে যাইবার পথে তাঁহারা বাধাও পান নাই; সকলেই মনে করিয়াছে—তাঁহারা শিশুকে আশীর্বাদ করিতে আসিয়াছেন; কিন্তু বস্তুত: তাঁহারা আশীর্বাদ করেন নাই—তাঁহারা "আসি সভে করে দর্শন"— কেবল দর্শন করিয়া ধন্ম হইতেই আসিয়াছেন; দৈবীশক্তিবলে তাঁহারা প্রভুর শ্বরূপ জনতেন; তাই তাঁহারা শিশুরূপী স্বয়ংভগবান্কে আশীর্বাদ না করিয়া মনে মনে বরং স্তুতিনতিই করিয়াছেন; কিন্তু শচী-মাতার প্রতিবেশিনী রাজ্বণ-রমণীগণ লীলা-শক্তির প্রভাবে প্রভুর স্বরূপ—তিনি যে স্বয়ংভগবান্ তাহা—জানিতে পারেন নাই; তাহারা তাহাকে নরশিশু—শচী-দেবীর সন্তান—মনে করিয়াই তাঁহার দীর্ঘজীবন কামনা করিয়া আশীর্বাদ করিয়াছেন।

১০৫। অন্তরীক্কে—আকাশে। আর দেবগণ, গন্ধর্ম-দিদ্ধ-চারণাদি সকলে আকাশে থাকিয়া প্রভূর আবিভাব-উপলক্ষে নৃত্যগীত-স্থতি-আদি দারা আনন্দ প্রকাশ করিতে লাগিলেন। আর নবদ্ধীপে যত নর্ভক, বাদক বা ভাট আছে, সকলেই এক অপূর্ব আনন্দের আবেশে শচী-মাতার বাড়ীতে আসিয়া নৃত্যগীত-বাজ্ঞাদি করিতে লাগিল। গন্ধবি—স্বর্গের গায়ক, দেবয়োনি-বিশেষ। চারণ—দেবয়োনি বিশেষ; স্বর্গের গায়ক ও স্থতিবাদকারী।

১০৬। সম্ভালিতে—বুঝিতে। বোল—কথা। তুঃখ-শোক—হুঃখ ও শোক। প্রমোদে—আনন্দে। পুরিত—পূর্ণ। নিশ্রে—জগন্নাথ মিশ্র। বিহ্বল—আত্মহারা।

১০৭। আচার্য্যরত্ন শ্রীবাস—আচার্য্যরত্ন চন্দ্রশেখর আচার্য্য) ও শ্রীবাস। জাতকর্ম-প্রসবের পরে যে সমস্ত অনুষ্ঠান করার নিয়ম আছে, সেই সমস্ত। তবে—জাতকর্ম সমাধার পরে।

্০৮। শিশুকে দর্শন করিবার নিমিত্ত লোকে যে সমস্ত দ্রব্য উপছাররূপে লইয়া আসিয়াছিলেন, সেই সমস্ত

শ্রীবাসের প্রাক্ষণী,
আচার্য্যরত্বের পত্নী সঙ্গে।

সিন্দূর হরিদ্রা তৈল,
ঘই কলা নারিকেল,
দিয়া পূজে নারীগণ রঙ্গে॥ ১০৯
অবৈত আচার্য্য ভার্য্যা,
জগৎ-পূজিতা আর্য্যা,
নাম তাঁর সীতা ঠাকুরাণী।
আচার্য্যের আজ্ঞা পাঞা, গেলা উপহার লঞা,
দেখিতে বালক-শিরোমণি॥ ১১০
স্থবর্ণের কড়িবৌলি,
স্থবর্ণের অঙ্গদ কঙ্গণ।
হ্ব বাহুতে দিব্য শন্ধা,
রজতের মল বঙ্গ,
স্থানুদ্রা নানা হারগণ॥ ১১১

ব্যাঘ্রনথ হেমজড়ি, কটি-পট্য সূত্রভোরী,
হস্তপদের যত আভরণ।

চিত্রবর্গ পট্টশাড়ী, ভুনী ফোতা পট্টপাড়ি,
স্বর্গ রৌপ্য মুদ্রা বহুধন॥ ১১২

দূর্ববা ধান্ম গোরোচন, হরিদ্রা কুরুম চন্দন,
মঙ্গলন্দ্রব্য পাত্রেতে ভরিয়া।
বস্ত্রগুপ্ত দোলা চঢ়ি, সঙ্গে লঞা দাস চেড়ী,
বস্ত্রালস্কার পেটারি ভরিয়া॥ ১১০
ভক্ষ্য ভোজ্য উপহার, সঙ্গে লৈল বহুভার,
শচীগৃহে হৈলা উপনীত।
দেখিয়া বালক ঠাম, সাক্ষাৎ গোকুল কান
বর্ণমাত্র দেখি বিপরীত॥ ১১৪

গৌর-কুপা-তরঙ্গিণী টীকা।

দ্রব্য তো দান করিলেনই, তদ্বতীত তাঁহার ঘরে যাহা ছিল, তৎসমস্তও মিশ্রঠাকুর ব্রাহ্মণগণকে দান করিলেন। আর নর্ত্তক, গায়ক, ভাট, কি দরিদ্র ব্যক্তিদিগকেও তিনি যথাযোগ্য ভাবে ধন দান করিয়াছেন।

ভাট-খাহারা অপরের বংশপরিচয় রক্ষা ও কীর্ত্তন করে। অকিঞ্চন-দরিত্র।

১০৯। সন্তান জনিলে প্রতিবেশিনী রমণীগণের মধ্যে যাহারা শিশুকে দেখিতে আসেন, সিন্দুর, হরিন্তা, তৈল, থই, কলা ও নারিকেলাদি দিয়া তাঁহাদিগকে সম্মানিত করার রীতি আছে; ইহা একটী স্ত্রী-আচার। প্রভুর আবির্ভাবের পরে শ্রীবাসের গৃহিণী মালিনী এবং চন্দ্রশেখর আচার্যের গৃহিণী—এই তুই জ্বনেই শচী-মাতার পক্ষ হইতে প্রতিবেশিনীদিগকে তৈল-সিন্দুরাদি দিয়াছিলেন। কারণ, শচী-মাতার গৃহে শচীমাতা ব্যতীত অন্ত কোনও রমণী ছিলেন না।

১১০। শ্রীঅ্বৈতাচার্য্যের গৃহিণী শ্রীসীতাঠাকুরাণীও স্বামীর অনুমতি লাইয়া, ১১১-১১৪ ত্রিপদীতে উল্লিথিত দ্রবাদি উপহার লাইয়া শিশুকে দেখিতে গেলেন।

১১১-১১৪। বৌলি—বকুলের বীজ। স্থবর্ণের কড়িবৌলি—সোনা-বাঁধান কড়ি এবং সোনা-বাঁধান বকুলবীজ। প্রাচীনকালে কড়ির এবং বকুল বীজের মালা গাঁথিয়া ছোট শিশুদের গলায় দেওয়া হইত; য়াহাদের আর্থিক অবস্থা সচ্ছল ছিল, তাঁহারা কড়িও বকুল বীজকে সোনাদ্বারা বাঁধাইয়া দিতেন। সীতাঠাকুরাণী সোনা-বাঁধান বকুল-বীজের মালা লইয়া গিয়াছিলেন—শচীমাতার শিশুর নিমিত্ত। রজত মুদ্রা—রপার টাকা। পাশুলি—পাইজোড় নামক পায়ের অলঙ্কার। রজতমুদ্রা, পাশুলি—রজতম্বাযুক্ত পাইজোড়; কোনও পাইজোড়ের সন্মুখভাগে এক একটা করিয়া রোপাম্প্রা বা টাকা থাকে। মলবঙ্ক—বাঁকমল। রজতের মলবঙ্ক—কোপানির্বিত বাঁকমল। ব্যাঘ্রনেথ হেমজড়ি—স্থবর্গ জড়িত বাদের নথ। কটি-পট্টসূত্র-ডোরী—পট্নিন্তিত কোমরের ঘৃন্সি; কোন কোন অঞ্চলে ঘৃন্সীকে তাগা বা ধাগা বলে। পট্নাড়ী—শচীমাতার জন্ম রেশমী শাড়ী। ভূমিফোভা—এক রকম চাদর। পট্টপাড়ি—রেশমের পাইড়্যুক (ভূমিফোভা)। গোরোচন—প্রসিদ্ধ পীতবর্গ জ্বাবিশেষ, গরুর মাথায় ইহার জন্ম; গোমন্তকন্ধ শুক্পিত্তই গোরোচনা (শন্ধকল্পমে)। ইহা পবিত্র মঙ্গল-ক্রয় বলিয়া পরিচিত। বজ্বান্ত বিত্র আজ্বাদিত। চেড়ী—দাসী। পেটারি—বাক্স। বালক-ঠাম—বালকের (গোরের)

সর্বব অঙ্গ স্থানির্মাণ, স্থানিপ্রতিমাভাণ,
সর্বব অঙ্গ স্থালকণময়।
বালকের দিব্য ছ্যুতি, দেখি পাইল বহু প্রীতি,
বাৎসল্যেতে দ্রবিল হৃদ্যে॥ ১১৫
দূর্ববা ধান্য দিল শীর্ষে, কৈল বহু আশীষে,
'চিরজীবী হও ছুইভাই'।
ডাকিনী শাকিনী হৈতে, শঙ্কা উপজিল চিতে,
তরে নাম থুইল 'নিমাই'॥ ১১৬

পুত্র মাতা-সান্দিনে, দিল বস্ত্র-বিভূষণে,
পুত্রসহ মিশ্রেরে সম্মানি।
শাচী মিশ্রের পূজা লঞা, মনেতে হরিষ হঞা,
ঘরে আইলা সীতাঠাকুরাণী॥ ১১৭
ঐছে শাচী জগন্নাথ, পুত্র পাঞা লক্ষ্মীনাথ,
পূর্ণ হৈল সকল বাস্থিত।
ধন-ধান্যে ভরে ঘর, লোকমান্য কলেবর,
দিনে দিনে হয় আনন্দিত॥ ১১৮

গোর-কৃপা-তরঞ্জিণী টীকা।

ভন্ধী। গোকুল কান—ঠিক যেন গোকুলের কানাই। শচীমাতার শিশুকে দেখিতে ঠিক যেন যশোদার তুলাল কানাইয়ের মতনই দেখাইল; কেবল পার্থকা এই যে, কানাইয়ের বর্ণ ছিল ক্লফ্চ, আর শচীর তুলালের বর্ণ গোর; গঠনাদি সমস্তই একরূপ। বিপরীত—উণ্টা; ক্লফ বর্ণের স্থলে গোর বর্ণ বলিয়া বিপরীত বলা হইয়াছে।

১১৫। শিশুরপী গোরচন্দ্রের রূপ বর্ণনা করিতেছেন। স্থানির্মাণ—স্থ (উত্তম) নির্মাণ (গঠন) যাহার; স্থাঠিত। স্থার্শ প্রতিমাভাণ—গোনার প্রতিমার মত। স্থাতি—জ্যোতি; কান্ধি। দ্রবিল হাদয়—শিশুরূপী গোরচন্দ্রের রূপ দেখিয়া বাৎসল্যের আবেশে শ্রীদীতাঠাকুরাণীর চিত্ত গলিয়া গেল।

১১৬। বাৎসলোর আবেশে চিত্ত গলিয়া যাওয়ায় সীতাঠাকুরাণী ধাকুদ্ধাদি শিশুর মন্তকে দিয়া শিশুকে আশীকাদ করিলেন—"চিরজীবী হও ছই ভাই" বলিয়া।

ু**তুই ভাই**—বিশ্বরূপ ও এই নবজাত শিশু।

ভাকিনী-শাকিনী-আদি অপদেবতা হইতে পাছে শিশুর কোনও অমঙ্গল হয়, তাই শ্রীসীতাঠাকুরাণী নবজাত শিশুর নাম রাখিলেন "নিমাই"। নবজাত শিশুর নাম "নিমাই" রাখিলে আর কোনওরপ অপদেবতার দৃষ্টি পড়িতে পারেনা, ইহাই তংকালে সাধারণের বিশ্বাস ছিল। বাংসল্যের আবেশে সীতাঠাকুরাণী বিভার হইয়াছিলেন ধলিয়াই শ্রীগোরচন্দ্রের ভগবতা সম্বন্ধে কোনও জ্ঞান তাঁহার চিত্তে ক্রিত হয় নাই; তাই তিনি তাঁহাকে আশীকাদ্ও করিতে পারিয়াছেন এবং অপদেবতার আশশ্বা করিয়া তাঁহার নিমাই-নামও রাখিতে পারিয়াছেন।

১১৭। পুত্র মাতা-স্নান দিনে—যেদিন প্রস্থৃতি ও নবজাত শিশু প্রস্বের পরে স্নান করিলেন, সেই দিনে।
দিল বস্ত্রবিভূষণে ইত্যাদি—সানের দিন সীতাঠাকুরাণী মিশ্রঠাকুরকেও বস্ত্রাদি দিলেন এবং মিশ্রের জ্য়েষ্ঠ পুত্র
বিশ্বরূপকেও দিলেন। সংস্থানি—সন্মান করিয়া। শচীমিশ্রের ইত্যাদি—শচীদেবী এবং জ্বলাথমিশ্রেও বস্ত্রাদি
দিয়া সীতাঠাকুরাণীকে সন্মানিত করিলেন।

১১৮। লক্ষ্মীনাথ—সর্বলক্ষ্মীময়ী শ্রীরাধাই এম্বলে লক্ষ্মী-শব্দের লক্ষ্য; লক্ষ্মীনাথ অর্থ রাধানাথ, শ্রীকৃষ্ণ।
শ্রীরাধার প্রাণবল্লভ শ্রীকৃষ্ণই যে শচী-জগন্নাথের ঘরে শিশুরূপে আবিভূতি ইইয়াছেন, তাহাই এম্বলে ভকীতে বলা ইইল।
অবশ্য শ্রীকৃষ্ণই যে তাঁহাদের গৃহে অবতীর্ণ ইইয়াছেন, ইহা শচী-জগন্নাথ জ্ঞানিতেন না; তথাপি তাঁহার আবিভাবের
কলে তাঁহাদের সকল বাসনা পূর্ণ ইইল; কারণ, বস্তুশক্তি বৃদ্ধিশক্তির অপেক্ষা রাখেনা; যেখানে পূর্ণতম ভগবানের
আবিভাবি, সেখানে অপূর্ণ বাসনাই বা কিরপে থাকিবে? ধনে-পান্যে ইত্যাদি—শিশুর আবিভাবের পর ইইতে
চারিদিক্ ইইতে নানালোক মিশ্রঠাকুরের গৃহে ধন ও ধারাদি উপঢ়োকন দিতে লাগিলেন; উপঢ়োকনে যেন

মিশ্র বৈষ্ণব শান্ত, প্রলম্পট শুদ্ধ দান্ত,
ধনভোগে নাহি অভিমান
পুলের প্রভাবে যত, ধন আদি মিলে তত,
বিষ্ণুপ্রীতে দিজে দেন দান॥ ১১৯
লগ্ন গণি হর্মতি, নীলাম্বর চক্রবর্তী,
গুপ্তে কিছু কহিল মিশ্রেরে—।
মহাপুরুষের চিহ্ন, লগ্ন অঙ্গে ভিন্ন ভিন্ন,
দেখি এই তারিবে সংসারে॥ ১২০
ঐছে প্রভু শচীঘরে, কুপায় কৈল অবতারে
যেই ইহা করয়ে শ্রবণ।
গোর প্রভু দয়াময়, তারে হয়েন সদয়,

সেই পায় তাঁহার চরণ॥ ১২১
পাইয়া মানুষজন্ম যে না শুনে গৌরগুণ,
হেন জন্ম তার ব্যর্থ হৈল।
পাইয়া অমৃতধুনী, পিয়ে বিষগর্তপানী,
জন্মিয়া সে কেনে নাহি মৈল ?॥ ১২২
শ্রীচৈতত্য নিত্যানন্দ, আচার্য্য অদ্বৈতচন্দ্র,
স্কলপ রূপ রঘুনাথদাস।
ইহা সভার শ্রীচরণ, শিরে বন্দি নিজধন,
জন্মলীলা গাইল কুফাদাস॥ ১২৩
ইতি শ্রীচেতত্যচরিমৃতে আদিগত্তে জন্মমহোৎসব-বর্ণনং নাম ত্রেয়োদশপরিচেছ্দঃ॥ ১৩

্গৌর-কূপা-তর ক্সিণী টীকা।

গৃহ পূর্ণ হইয়া উঠিল; আর সমস্ত লোকও মিশ্রঠাকুরকে পূর্বাপেক্ষা অধিকরপে সম্মান করিতে লাগিল; শটী-মিশ্রের আনন্দও দিন দিন বৃদ্ধিত হইতে লাগিল।

১১৯। মিশ্র—শ্রীজগন্নাথ মিশ্র। বৈষ্ণব—বৈষ্ণবজ্বাদি গুণসম্পন্ন। শান্ত—ভগবন্নিষ্ঠবৃদ্ধিবিশিষ্ট। অলম্পট —ধন-রত্নাদিতে অনাসক্ত। শুদ্ধ—বিশুদ্ধ-চিত্ত। দান্ত—ক্লেশস্হিষ্ট্। ধনভোগে অভিমান—ধনভোগ করার উপথোগী অভিমান; ধনভোগের অভিলাষ। বিষ্ণুপ্রীতে ইত্যাদি—বিষ্ণুর প্রীত্যর্থে ব্রাহ্মণগণকে দান করেন।

১২০। শচীমাতার পিতা শ্রীনীলাম্বর চক্রবর্তী শিশুর জন্ম-সময়াদি-অবলম্বন করিয়া গণনা করিয়া অত্যস্ত আনন্দিত হইলেন; গোপনে তিনি মিশ্রঠাকুরকে বলিলেন—"আমি শিশুর জন্ম লগাদির ফল গণিয়া দেখিলাম, এই শিশু একজন মহাপুরুষ হইবে; ইহার অঙ্গ-প্রত্যাক্ষেও মহাপুরুষের লক্ষণ দেখা যাইতেছে। এই শিশু অংগতের উদ্ধার সাধন করিবে বলিয়াই মনে হইতেছে।"

লায়—জন্মলায়। ওেতেপ্ত—গোপনে। লাগ্নে অক্তেন্ত্র জন্মলায়ে ও শিশুর অক্ষে (মহাপুরুষের লক্ষণ)।
মহাপুরুষের অঙ্গ-লক্ষণ পরবর্তী ১৪শ পরিচ্ছেদে ৩য় শ্লোকে ফ্রেইবা।

১২২। ধুনী—নদী। অমৃত ধুনী—অমৃতের নদী। পিরে—পান করে। বিষগর্জপানী—বিষপূর্ণ গর্ভের জল।

অমৃতের নদী সাক্ষাতে পাইয়াও তাহা পান না করিয়া যে ব্যক্তি বিষপূর্ণ গর্তের জ্বল পান করে, তাহার জীবন যেমন বৃধা নষ্ট হয়, তদ্রপ মহয়্য-জন্ম লাভ করিয়াও যে ব্যক্তি গোরগুণকীর্ত্তন করেনা, তাহার জন্মও বৃধাই নষ্ট হয়। গোরগুণকীর্ত্তনেই মহয়্য-জন্মের সার্থক্তা—ইহাই ধ্বনি।